## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইউনিট : B)
### শিক্ষাবর্ষ : ২০২১-২২ [Set - F]

## English

***Read the passage and answer to the questions (1-5):***

Marie Curie, was born in Warsaw on November 7, 1867. She became involved in student activism and found it prudent to leave Warsaw, then in the part of Poland dominated by Russia, for Cracow, which at that time was under Austrian rule. In 1891, she went to Paris to continue her studies at the Sorbonne where she obtained Licentiateships in Physics and the Mathematical Sciences. She met Pierre Curie, Professor in the School of Physics in 1894 and in the following year they were married. She succeeded her husband as Head of the Physics Laboratory at the Sorbonne, gained her Doctor of Science degree in 1903, and following the tragic death of Pierre Curie in 1906, she took his place as Professor of General Physics in the Faculty of Sciences, the first time a woman had held this position. The discovery of radioactivity by Henri Becquerel in 1896 inspired the Curies in their brilliant researches and analyses which led to the isolation of polonium, named after the country of Marie's birth, and radium. Curie developed methods for the separation of radium from radioactive residues in sufficient quantities to allow for its characterization and the careful study of its properties, therapeutic properties in particular. She received many honorary degrees and honorary memberships of learned societies throughout the world. Together with her husband, she was awarded half of the the Nobel prize for Physics in 1903, for their study into the spontaneous radiation discovered by Becquerel, who was awarded the other half of the prize. In 1911 she received a second Nobel Prize, this time in Chemistry, in recognition of her work in radioactivity she also received, jointly with her husband, the Davy Medal of the Royal Society in 1903 and in 1921, President Harding, presented her with one gram of radium in recognition of her service of science.

**01. Which of the following information is not shared by the author?**
A. Marie Curie received Davy Medal in 1903.
B. She was a member of the Conseil du Physique.
C. She did research with Pierre Curie.
D. She received Nobel Prize.

ব্যাখ্যা: Marie Curie, The Conseil du Physique এর member ছিলেন কিনা সে সম্পর্কে লেখক Passage এর কোথাও কোনোকিছু বলেন নি অর্থাৎ তিনি এই information টি passage এ share করেন নি। তাই, অপশন (B) হবে সঠিক।
**Ans : B.**

**02. The discovery of radioactivity was a breakthrough for her research.**
A. False B. Perhaps
C. True D. Not Given

ব্যাখ্যা : Breakthrough - যুগান্তকারী আবিষ্কার/উন্নয়ন। Passage এর ২য় প্যারাতে ১ম লাইনে বলা হচ্ছে তেজস্ক্রিয়তার আবিষ্কার তাঁকে তাঁর গবেষণায় উদ্বুদ্ধ করেছিল। তাই, এখানে তেজস্ক্রিয়তার আবিষ্কারকে তাঁর গবেষণার ক্ষেত্রে যুগান্তকারী বলা যায়। তাই অপশন C হবে উত্তর।
**Ans : C.**

**03. Madame Curie was awarded Ph.D in____.**
A. 1921 B. 1911
C. 1914 D. 1903

ব্যাখ্যা: Passage এর ১ম প্যারার শেষের দিকে বলা হয়েছে মেরি কুরি ১৯০৩ সালে তাঁর Doctor of Science তথা Ph. D. ডিগ্রী অর্জন করেন।
**Ans : D.**

**04. Madame Curie was the first female___.**
A. Professor of General Physics
B. Noble laureate
C. who earned two Noble Prizes
D. All the above

ব্যাখ্যা: Passage থেকে জানা যায়, মেরি কুরি তাঁর স্বামীর মৃত্যুর পর Professor of General Physics হিসেবে অধিষ্ঠিত হন। তাছাড়া, তিনি মহিলাদের মধ্যে প্রথম নোবেল পুরস্কার পান এবং তিনিই একমাত্র মহিলা যিনি দুইবার নোবেল পুরস্কার পেয়েছেন। তাই সবগুলো অপশন সঠিক।
**Ans : D.**

**05. Marie Curie received one gram of radium___.**
A. as part of her research and services to the world
B. in recognition of her service to science
C. in memory of her work for humankind
D. for facilitating study on radium

ব্যাখ্যা: Passage এর সর্বশেষ লাইনে বলা হয়েছে বিজ্ঞানে অবদানের স্বীকৃতিস্বরূপ (in recognition of her service to science) মেরি কুরি রেডিয়াম মৌলের ১ গ্রাম পুরস্কার হিসেবে লাভ করেন।
**Ans : B.**

**06. The opposite word of 'Foremost' is ____.**
A. Hindmost B. Disposed
C. Unimportant D. Mature

ব্যাখ্যা: Foremost - প্রধান।
Hindmost - অপেক্ষাকৃত বিলম্বিত।
Disposed - আগ্রহী।
Mature - পরিপক্ব।
Unimportant - গুরুত্বহীন।

**Foremost এর কিছু গুরুত্বপূর্ণ Synonyms & Antonyms:**
**Synonyms :** Principal, Major, Pre-eminent, Leading, Supreme.
**Antonyms :** Inferior, Unimportant, Least, Lowest, Insignificant.
**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**07. 'To drive home' means-**
A. To find one's roots
B. To return to place of rest
C. Back to original position
D. To emphasise

ব্যাখ্যা: এটি একটি idiomatic expression।
To drive home - জোরপ্রদান করা (To emphasize)।
**Ans : D.**

**08. Board ____ not ___ this question in the previous exam.**
A. did, ask B. does, ask
C. was, ask D. will, ask

ব্যাখ্যা: এখানে "the previous exam" দ্বারা অতীতকাল নির্দেশ করছে। তাই এক্ষেত্রে auxiliary verb হিসেবে did ও main verb হিসেবে ask (verb base) ব্যবহৃত হবে। অবশিষ্ট অপশনগুলো grammatically সঠিক নয়।
**Ans : A.**

**09. Change the voice: Our task had been completed before sunset.**
A. We completed our task before sunset.
B. We have completed our task before sunset.
C. We complete our task before sunset.
D. We had completed our task before sunset

ব্যাখ্যা : **Voice Structure:**
**Active:** Sub + had + $v_3$ + obj.
**Passive:** Sub (Active voice এর obj) + had been + $v_3$ + by + obj (Active voice এর Sub).
এখানে Passive voice এর obj (by us) টি উহ্য রয়েছে। একে Active voice এ পরিবর্তন করতে Sentence এর শুরুতে "us" এর Subjective form "We" হবে। এরপর উপরোক্ত নিয়মানুসারে auxiliary verb "had" বসাতে হবে। পরবর্তীতে "complete" এর Past participle হবে এবং তারপর object হিসেবে "our task" ব্যবহৃত হবে। সর্বশেষে Extension হিসেবে "before sunset" বসবে।
**Ans : D.**

**10. Rajeev failed in the examination because none of his answers were ____ to the questions asked.**
A. allusive B. pertinent
C. revealing D. referential

ব্যাখ্যা: Pertinent - প্রাসঙ্গিক। Allusive - সাংকেতিক/ইঙ্গিতপূর্ণ।
Revealing - প্রকাশক। Referential - নির্দেশক।
বাক্যটির অর্থ- "রাজীব পরীক্ষায় ফেল করেছে, কারণ তার কোনো উত্তরই জিজ্ঞাসিত প্রশ্নের সাথে প্রাসঙ্গিক (pertinent) ছিলো না।"
**Ans : B.**

**11. The synonym of the word 'Propel' is-**
A. Drive B. Burst
C. Jettison D. Acclimatize

ব্যাখ্যা: Propel - চালনা করা। Drive - চালনা করা।
Burst - বিদীর্ণ হওয়া। Jettison - বর্জন করা।
Acclimatize - মানানসই করা।
**Propel এর কিছু গুরুত্বপূর্ণ Synonyms & Antonyms:**
**Synonyms:** Drive, Push, Thrust, Mobilize, Move.
**Antonyms:** Stop, Hold, Pull, End, Repress.
**Ans : A.**

**12. Improve the underlined clause of the sentence.**
**<u>If the room had been brighter</u>, I would have been able to read for while before bed time.**
A. If the room was brighter
B. If the room are brighter
C. Had the room been brighter
D. No improvement is needed

ব্যাখ্যা : 3rd **conditional sentence এর structure-**
i) If + past perfect + sub + would have/could have/might have + $v_3$.
ii) Had + Subject + $v_3$ + ....... + sub + would have/could have/might have + $v_3$.
এখানে sentence টি 3rd conditional sentence হওয়ায় এর If যুক্ত clause থেকে উপরোক্ত নিয়মে If কে বাদ দিয়ে had কে সামনে এনে If যুক্ত clause টিকে improve করা যায় কারণ এতে অর্থের কোন পরিবর্তন হয় না।
**Ans : C.**

**13. Find the correctly spelt word.**
A. Assasination B. Assacination
C. Assassination D. Assacenation

ব্যাখ্যা: Correct spelling টি হচ্ছে Assassination।
**Some important correct spellings-**
Neighbour, Embarrassment, Graffiti, Queue, Calumny, Colleague, Illicit, Vacuum.
**Ans : C.**

**14. Substitute the following sentence with one word.**
**A person who renounces the world and practices self-discipline in order to attain salvation.**
A. Sceptic B. Devotee
C. Ascetic D. Antiquarian

ব্যাখ্যা: **Ascetic** - A person who renounces the world and practices self-discipline in order to attain salvation.
**Sceptic** - A person inclined to question or doubt accepted opinions.
**Devotee** - A person who is very interested in and enthusiastic about someone or something.
**Antiquarian** - Relating to or dealing in antiques or rare books.
**Ans : C.**

**15. Catching the earlier train will give us the ___ to do some shopping.**
A. chance B. possibility
C. luck D. occasion

ব্যাখ্যা : Chance - সুযোগ। Possibility - সম্ভাবনা।
Luck - ভাগ্য। Occasion - উপলক্ষ।
সম্পূর্ণ বাক্যটি হবে- "Catching the earlier train will give us the chance to do some shopping." যার অর্থ- আগের ট্রেন ধরা আমাদের কিছু কেনাকাটার সুযোগ করে দিবে"।
**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**16. Select the incorrect part of the sentence:**
**It was him/who came/running/into the classroom.**

A. It was him  B. running
C. who came  D. No error

ব্যাখ্যা : Copulative verb (to be verb, seem, appear, feel, sound, get, become, taste, look) এর পরে Complement হিসেবে pronoun এর subjective form বসে।
এখানে "is" একটি be verb হওয়াতে এটি Copulative verb। তাই এর complement হিসেবে pronoun "him" এর subjective form "he" ব্যবহৃত হবে। অর্থাৎ "It was he" হবে।
Ans : A.

**17. Correct the sentence.**
**You need not come unless you want to.**

A. You don't need to come unless you want to.
B. You come only when you want to.
C. You come unless you don't want to.
D. You needn't come untill you don't want to.

ব্যাখ্যা : "need" একটি semi-modal অর্থাৎ এটি regular verb বা modal হিসেবে ব্যবহৃত হতে পারে। প্রশ্নোক্ত বাক্যে "need" একটি full-modal এর ন্যায় ব্যবহৃত হয়েছে, যা grammatically সঠিক নয়। তাই বাক্যটিকে correct করতে auxiliary verb হিসেবে do এবং এরপর negative করার জন্য not বসাতে হবে। পরবর্তীতে "need" বসবে তবে modal হিসেবে নয় বরং regular verb হিসেবে এবং এতে বাক্যটি grammatically শুদ্ধ হবে।
Ans : A.

**18. Elated is to despondent as enlightened is to ____.**

A. aware  B. miserable
C. ignorant  D. tolerant

ব্যাখ্যা: Elated (উল্লসিত) এর antonym হচ্ছে Despondent (হতাশ) এবং Enlightened (শিক্ষিত) এর antonym হচ্ছে Ignorant (মূর্খ)।
Ans : C.

**19. Read both the statements and then mark you answer.**
**Statement I: The prices of petrol and diesel in the domestic market have remained unchanged for the past few months.**
**Statement II: The crude oil prices in the international market have gone up substantially in the last few months.**

A. Statement I is the cause and statement II is its effect.
B. Statement II is the cause and statement I is its effect.
C. Both the statements I and II are independent causes.
D. Both the statements I and II are effects of independent causes.

ব্যাখ্যা: Statement I এ বলা হচ্ছে দেশীয় বাজার (domestic market) এ পেট্রোল এবং ডিজেলের দাম বিগত কয়েক মাস ধরে অপরিবর্তিত রয়েছে। অন্যদিকে Statement II তে বলা হচ্ছে আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম বিগত কয়েক মাস ধরে উল্লেখযোগ্যহারে বৃদ্ধি পেয়েছে।
এখানে দেখা যাচ্ছে Statement I এ বর্ণিত বক্তব্যের সাথে Statement II তে বর্ণিত বক্তব্যের কোনো সাদৃশ্য নেই। অর্থাৎ দুটি Statement ই পৃথক এবং স্বাধীন (independent) কারণের (cause) ফলাফল (effect)। এরা একে অপরের উপর নির্ভরশীল নয়। তাই উত্তর হবে অপশন (D)।
Ans : D.

**20. He looks upset, I think he took the criticsm ___ heart.**

A. to  B. in
C. about  D. of

ব্যাখ্যা:
Take to heart - to be deeply affected or hurt by something.
এখানে "সে সমালোচনায় মর্মাহত হয়েছে" এই অর্থে Take to heart ব্যবহৃত হবে।
Ans : A.

**21. I spent ____ with the patient.**

A. sometimes  B. sometime
C. some time  D. some times

ব্যাখ্যা: Sometimes - প্রায়ই, মাঝে মধ্যে।
Sometime - ভবিষ্যতে কোনো এক সময়।
Some time - কিছু সময়, খানিকটা সময়।
আবার, Some times - এর ব্যবহার ভুল।
"I spent some time with the patient" অর্থ হবে- "আমি রোগীটির সাথে কিছু সময় কাটিয়ে ছিলাম"।
Ans : C.

**22. Driver:Car ; Police:Gun ; Judge: ___**

A. Fine  B. Gaval
C. Transportation  D. Imprisonment

ব্যাখ্যা: Driver চালায় Car (গাড়ি), Police চালায় Gun (বন্দুক), আর Judge চালায় Gavel (বিচারকের হাতুড়ি)।
Ans : B.

**23. Select the best use of the word 'Provocation'.**

A. The political subject of the painting was seen as a provocation.
B. This is his third provocation on oil prices since April.
C. Provocation prevented him from indulging in disputes.
D. Both (A) and (B)

ব্যাখ্যা : Provocation - উস্কানি/প্ররোচনা।
"The political subject of the painting was seen as a provocation." এর অর্থ- "চিত্রকর্মটির রাজনৈতিক বিষয়বস্তুকে প্ররোচনা হিসেবে দেখা হয়েছিলো"। এখানে "Provocation" শব্দটির সর্বোত্তম ব্যবহার হয়েছে অপশন (A) তে। তাই, অপশন (A) হবে সঠিক।
Ans : A.

**24. Complete the sentence: Despite his best efforts to conceal his anger, ____.**

A. we could detect that he was very happy
B. he failed to give us an impression of his agony
C. he succeeded in camouflaging his emotions
D. people came to know that he was annoyed

ব্যাখ্যা: সম্পূর্ণ বাক্যটি হবে- "Despite his best efforts to conceal his anger, people came to know that he was annoyed." যার অর্থ- "তার রাগ লুকানোর সর্বাত্মক প্রচেষ্টা সত্ত্বেও লোকেরা জানতে পেরেছিলো যে সে বিরক্ত"।
এখানে Despite conjunction দ্বারা বুঝা যাচ্ছে বিপরীত কোনো ঘটনা ঘটছে। অর্থাৎ, এক্ষেত্রে বাক্যের ১ম অংশ ও শেষ অংশ পরস্পরের বিপরীত। সে রাগ লুকাতে সর্বাত্মক প্রচেষ্টা করেছিলো কিন্তু তার বিপরীতে তার রাগ বা বিরক্তি সবার কাছে প্রকাশিত হয়ে গিয়েছিলো।
Ans : D.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**25.** **Change the narration: Kiran asked me, "Did you see the cricket match on television last night?"**
A. Kiran asked me whether I saw the cricket match on television the earlier night.
B. Kiran asked me whether I had seen the cricket match on televation the earlier night.
C. Kiran asked me did I see the cricket match on television the last night.
D. Kiran asked me whether I had seen the cricket match on television the last night.

ব্যাখ্যা: **Interrogative sentence কে direct থেকে indirect এ পরিবর্তন করার নিয়ম-**
• Reporting verb টি ask, demand of, enquire of, want to know, wonder এ পরিবর্তিত হয়।
• Reported speech টি যদি Auxiliary verb দ্বারা শুরু হয় তাহলে linker হিসেবে if/whether বসবে।
• Reported speech এর অন্তর্গত - Interrogative sentence টি যদি Wh-word দ্বারা শুরু হয় তাহলে তা অপরিবর্তিত থাকবে।
• Indirect speech টি Assertive sentence হবে।
**Direct:** Kiran asked me, "Did you see the cricket match on television last night?"
**Indirect:** Kiran asked me whether I had seen the cricket match on television the earlier night.
**Ans : B.**

## বাংলা

**26.** "ইহা বিলাতি মাল, ইহাতে সোনার ভাগ সামান্যই আছে" এখানে 'অপরিচিতা' গল্পে 'মাল' বলতে কী বোঝানো হয়েছে?
A. বিলেত ফেরত পাত্র B. এয়ারিং
C. পাত্রীর গলার নেকলেস D. বাড়িতে আগত অতিথি

ব্যাখ্যা : 'অপরিচিতা' গল্পের উদ্ধৃতি-
"গহনাগুলির মধ্যে একজোড়া এয়ারিং ছিল। শম্ভুনাথ সেইটে সেকরার হাতে দিয়া বলিলেন, "এইটে একবার পরখ করিয়া দেখো।"
সেকরা কহিল, "ইহা বিলাতি মাল, ইহাতে সোনার ভাগ সামান্যই আছে।"
শম্ভুনাথ এয়ারিং জোড়া মামার হাতে দিয়া বলিলেন, "এটা আপনারাই রাখিয়া দিন।"
মামা সেটা হাতে লইয়া দেখিলেন, এই এয়ারিং দিয়াই কন্যাকে তাঁহারা আশীর্বাদ করিয়াছিলেন।"
**Ans : B.**

**27.** " —— মিথ্যা বিনয়ের চেয়ে অনেক বেশি ভালো"- বাক্যটি কোন গদ্যে বলা হয়েছে?
A. রেইনকোট B. নেকলেস
C. আমার পথ D. বায়ান্নর দিনগুলো

ব্যাখ্যা : 'আমার পথ' রচনার উদ্ধৃতি-
"নিজকে চেনা, আপনার সত্যকে আপনার গুরু, পথপ্রদর্শক কাণ্ডারি বলে জানা, এটা দম্ভ নয়, অহংকার নয়। এটা আত্মকে চেনার সহজ স্বীকারোক্তি। আর যদি এটাকে কেউ ভুল করে অহংকার বলে মনে করেন, তবু এটা মন্দের ভালো - অর্থাৎ মিথ্যা বিনয়ের চেয়ে অনেক বেশি ভালো।"
**Ans : C.**

**28.** নিচের কোন গ্রন্থটি আখতারুজ্জামান ইলিয়াস এর রচিত নয়?
A. খোঁয়ারি B. পথ জানা নাই
C. দোজখের ওম D. অন্য ঘরে অন্য স্বর

ব্যাখ্যা : আখতারুজ্জামান ইলিয়াস এর সাহিত্যকর্ম-
• **উপন্যাস :** চিলেকোঠার সেপাই (১৯৮৭), খোয়াবনামা (১৯৯৬)।
• **গল্পগ্রন্থ :** অন্য ঘরে অন্য স্বর (১৯৭৬), খোঁয়ারি (১৯৮২), দুধ ভাতে উৎপাত (১৯৮৫), দোজখের ওম (১৯৮৯), জাল স্বপ্ন স্বপ্নের জাল (১৯৯৭)।
• 'পথ জানা নাই' গল্পটি শামসুদ্দীন আবুল কালামের লেখা।
**Ans : B.**

**29.** 'রেইনকোট' গল্পে নুরুল হুদা কোন বিষয়ের শিক্ষক ছিলেন?
A. পদার্থবিদ্যা B. রসায়ন
C. ইতিহাস D. ভূগোল

ব্যাখ্যা: 'রেইনকোট' গল্পের কতিপয় তথ্য-
• রসায়ন বিষয়ের প্রভাষক - নুরুল হুদা।
• জিওগ্রাফির প্রফেসর - আবদুস সাত্তার মৃধা।
• উর্দুর প্রফেসর - আকবর সাজিদ।
• প্রিন্সিপ্যাল - ড. আফাজ আহমদ।
• প্রিন্সিপ্যালের পিওন - ইসহাক মিয়া।
• নুরুল হুদার স্ত্রী - আসমা।
• নুরুল হুদার শালা - মিন্টু।
**Ans : B.**

**30.** 'নেকলেস' গল্পে লোইসেল কোথায় তার বান্ধবী ফোরস্টিয়ারকে দেখতে পেয়েছিলেন?
A. চামপস্-এলিসিস B. বোইস ডি ভিনসেনস
C. টুইলেরিস গার্ডেন D. বুটস-চৌমন্ট

ব্যাখ্যা : 'নেকলেস' গল্পের কতিপয় তথ্য-
• মাদাম লোইসেলের বান্ধবীর নাম - ফোরস্টিয়ার।
• ফোরস্টিয়ারের ডাকনাম - জেনি।
• মাদাম লোইসেল ফোরস্টিয়ারকে দেখেছিলেন - চামপস্-এলিসিস্-এ।
• হারটি ছিল - মাদাম ফোরস্টিয়ারের।
**Ans : A.**

**31.** 'উদ্‌বারি' শব্দের অর্থ কি?
A. অপাঙক্তেয় B. উৎক্ষেপণ করা
C. উর্ধ্বে প্রকাশ করা D. আত্মোপলব্ধি

ব্যাখ্যা : 'উদ্‌বারি' শব্দের অর্থ - ওপরে বা উর্ধ্বে প্রকাশ করে দাও।
**Ans : C.**

**32.** "__ কুঁড়ির বুকে গন্ধ নাহি?" -চরণটির শূন্যস্থানে কোন শব্দটি বসবে?
A. মাধবী B. বাতাবি নেবুর
C. পুষ্প D. আম্র

ব্যাখ্যা : 'তাহারেই পড়ে মনে' কবিতার উদ্ধৃতি-
"বৃথা কেন? ফাগুন বেলায়
ফুল কি ফোটেনি শাখে?
পুষ্পারতি লভেনি কি ঋতুর রাজন?
মাধবী কুঁড়ির বুকে গন্ধ নাহি?
করে নাই অর্ঘ্য বিরচন?"
**Ans : A.**

**33.** "আমি সেই ___ অস্ত্রের প্রত্যাশী"- চরণটির শূন্যস্থানে কোন শব্দটি বসবে?
A. অমোঘ B. অগ্নীঝরা C. অবিনাশী D. বিধ্বংসী

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
**Ans : C.**

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**34.** কোন পত্রিকায় কবি শামসুর রাহমানের কবিতা প্রথম প্রকাশিত হয়?
A. দৈনিক বাংলা B. সাপ্তাহিক সোনার বাংলা
C. দৈনিক নবযুগ D. সাপ্তাহিক সাহিত্য কথা

ব্যাখ্যা: শামসুর রাহমান ১৯৫৭ খ্রিস্টাব্দে 'দৈনিক মর্নিং নিউজ'-এ সাংবাদিকতা দিয়ে কর্মজীবন শুরু করেন। ১৯৬৪ খ্রিস্টাব্দে তিনি 'দৈনিক পাকিস্তান' (পরে দৈনিক বাংলা) পত্রিকায় যোগদান করেন। ১৯৪৯ খ্রিস্টাব্দে 'সাপ্তাহিক সোনার বাংলা' পত্রিকায় কবির প্রথম কবিতা প্রকাশিত হয়।
**Ans : B.**

**35.** 'সিরাজউদ্দৌলা' নাটকটির প্রথম অঙ্কের তৃতীয় দৃশ্যের স্থান ছিল কোনটি?
A. ফোর্ট উইলিয়াম দুর্গ B. নবাবের দরবার
C. ঘসেটি বেগমের বাড়ি D. পলাশিতে সিরাজের শিবির

ব্যাখ্যা : সিরাজউদ্দৌলা নাটকের ১ম অঙ্কের দৃশ্যবিন্যাস-

| অঙ্ক | দৃশ্য | স্থান | সময় |
|---|---|---|---|
| প্রথম অঙ্ক | ১ম | ফোর্ট উইলিয়াম দুর্গ | ১৯ জুন, ১৭৫৬ |
| | ২য় | কলকাতার ভাগীরথী নদীতে ফোর্ট উইলিয়াম জাহাজ | ৩রা জুলাই, ১৭৫৬ |
| | ৩য় | ঘসেটি বেগমের বাড়ি | ১০ অক্টোবর, ১৭৫৬ |

**Ans : C.**

**36.** "ব্রিটিশ সিংহ ভয়ে লেজ গুটিয়ে নিলেন- এ বড় লজ্জার কথা"- সিরাজউদ্দৌলা" নাটকে এই উক্তিটি কার?
A. জগৎশেঠ B. উমিচাঁদ
C. রাজবল্লভ D. মানিকচাঁদ

ব্যাখ্যা : 'সিরাজউদ্দৌলা' নাটকের উদ্ধৃতি-
"হলওয়েল: যুদ্ধ করতে করতে প্রাণ দেবেন বলে আধঘণ্টা আগেও প্রতিজ্ঞা করেছিলেন ক্যাপ্টেন ক্লেটন। শেষে তিনিও পালিয়ে গেলেন।
উমিচাঁদ: ব্রিটিশ সিংহ ভয়ে লেজ গুটিয়ে পালিয়ে গেলেন, এ বড় লজ্জার কথা।"
**Ans : B.**

**37.** কোন ঔপন্যাসিক এর মতে কমপক্ষে ৫০ হাজার শব্দ নিয়ে উপন্যাস রচিত হওয়া উচিত?
A. নিকোলা বার্কার B. জুলিয়ান বার্নেস
C. ই এম ফর্স্টার D. এলিজাবেথ বেনজার

ব্যাখ্যা : বিখ্যাত ইংরেজ ঔপন্যাসিক E.M. Forster এর মতে, কমপক্ষে ৫০ হাজার শব্দ দিয়ে উপন্যাস রচিত হওয়া উচিত।
**Ans : C.**

**38.** 'লালসালু' উপন্যাসে কত বছর অন্তর মাজারের গাত্রাবরণ বদলানো হয়?
A. 1/2 বছর B. 2 বছর
C. 2/3 বছর D. 3 বছর

ব্যাখ্যা : 'লালসালু' উপন্যাসের উদ্ধৃতি-
"অবশ্য দু-বছর তিন বছর অন্তর মাজারের গাত্রাবরণ বদলানো হয় এবং বদলাবার খরচ বহন করে খালেক ব্যাপারীই। খরচ করে তার আফসোস হয় না। বরঞ্চ সুযোগটা পেয়ে নিজেকে শতবার ধন্য মনে করে।"
**Ans : C.**

**39.** 'অতীত' শব্দটির শুদ্ধ উচ্চারণ কোনটি?
A. অতিত B. অতীত C. ওতিত D. ওতীত

ব্যাখ্যা: 'অ' ধ্বনির পর ই/ঈ, উ/ঊ-ধ্বনি থাকলে আদ্য-অ ধ্বনির ও-বৎ উচ্চারণ হয়। উচ্চারণে সাধারণত ঈ-কার ও ঊ-কার ব্যবহৃত হয় না।
যথা: অতীত (ওতিত্), করুণ (কোরুন্), নদী (নোদি), কবিতা (কোবিতা)।
**Ans : C.**

**40.** শুদ্ধ বানান কোনটি?
A. অদ্যবধি B. ইদানিং
C. অন্ত্যেষ্টিক্রিয়া D. উদীচি

ব্যাখ্যা : কতিপয় শব্দের বানানের অশুদ্ধ ও শুদ্ধরূপ-

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| অদ্যবধি | অদ্যাবধি | ইদানিং | ইদানীং |
| উদিচী | উদীচী | অস্ত্যোষ্টিক্রিয়া | অন্ত্যেষ্টিক্রিয়া |
| সমিচীন | সমীচীন | মনিষী | মনীষী |

**Ans : C.**

**41.** "এখনো বিস্ময় জাগে মানুষের মনে" এখানে বিস্ময়-
A. বিশেষ্য B. বিশেষণ
C. ক্রিয়া বিশেষণ D. যোজক

ব্যাখ্যা: একই শব্দের বিভিন্ন পদে ব্যবহার-

| শব্দ | পদ | উদাহরণ |
|---|---|---|
| বিস্ময় | বিশেষ্য | এখনো বিস্ময় জাগে মানুষের মনে। |
| | বিশেষণ | উন্নয়ের বিস্ময় রাষ্ট্র সিঙ্গাপুর। |
| সত্য | বিশেষ্য | সত্যের মৃত্যু নেই। |
| | বিশেষণ | সদা সত্য কথা বলবে। |

**Ans : A.**

**42.** উপসর্গযোগে গঠিত শব্দ কোনটি?
A. আবাদ B. বিবাদ C. প্রতীক D. পঙ্কজ

ব্যাখ্যা : 'বিবাদ' শব্দের বিশ্লিষ্ট রূপ- বি + √বদ্ + অ। এখানে 'বি' সংস্কৃত উপসর্গ। অর্থ - কলহ, ঝগড়া।
**Ans : B.**

**43.** নিপাতনে সিদ্ধ প্রত্যয়যুক্ত শব্দ কোনটি?
A. সৌর B. শৈব C. চৈত্র D. দৈব

ব্যাখ্যা: 'সৌর' নিপাতনে সিদ্ধ প্রত্যয়যুক্ত শব্দ। এর প্রকৃতি-প্রত্যয় হলো- সূর্য + ষ্ণ/অ।
**Ans : A.**

**44.** 'মানবহৃদয়' কোন জাতীয় সমাসবদ্ধ পদ?
A. দ্বন্দ্ব B. তৎপুরুষ
C. অলুক দ্বন্দ্ব D. বহুব্রীহি

ব্যাখ্যা : 'মানবহৃদয়' শব্দের ব্যাসবাক্য-
মানবের হৃদয়। 'এর' বিভক্তি আছে বলে এটি ষষ্ঠী তৎপুরুষ সমাস।
**Ans : B.**

**45.** কোনটি তালব্য বর্ণ?
A. ত B. জ C. স D. ক

ব্যাখ্যা : কতিপয় বর্ণের অবস্থানগত নাম-
- কণ্ঠ্যধ্বনি - ক, খ, গ, ঘ, ঙ।
- তালব্য ধ্বনি - চ, ছ, জ, ঝ, ঞ, শ।
- দন্ত্যধ্বনি - ত, থ, দ, ধ, ন, স।
- মূর্ধা ধ্বনি - ট, ঠ, ড, ঢ, ণ, ষ।
- ওষ্ঠ ধ্বনি - প, ফ, ব, ভ, ম।

**Ans : B.**

**46.** 'তুরুপ' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
A. আরবি B. ওলন্দাজ C. ফরাসি D. পর্তুগিজ

ব্যাখ্যা: কতিপয় বিদেশি শব্দ-
- আরবি - কলম, কিতাব, জান্নাত, জাহান্নাম, নগদ, বাকি, আদালত, এজলাস, সালাত, হজ, ওজু, মহকুমা, জাকাত, দাওয়াত।
- ওলন্দাজ - হরতন, রুইতন, চিরতন, টেক্কা, তুরুপ।
- ফরাসি - রেস্তোরাঁ, রেনেসাঁ, কুপন, কার্তুজ, বুর্জোয়া, ফিরিঙ্গি, ক্যাফে, বিস্কুট।
- পর্তুগিজ - আনারস, আলপিন, আলমারি, গির্জা, গুদাম, আচার, সাগু, চর্বি, তোয়েল, বোতাম, বালতি, পেরেক, পেঁপে, পেয়ারা, কেদারা, তামাক।

**Ans : B.**

শিখার মহাকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**47.** 'কোবিদ' শব্দের অর্থ কোনটি?
A. বিপদ B. দক্ষ C. গাল D. গর্ত

ব্যাখ্যা : 'কোবিদ' শব্দের অর্থ - পারদর্শী, দক্ষ, পণ্ডিত।
Ans : B.

**48.** 'Addendum' শব্দটির অর্থ কী?
A. অধিকারপত্র B. পরিশিষ্ট
C. বাতিল D. অগ্রহণযোগ্য

ব্যাখ্যা : কতিপয় ইংরেজি শব্দের বাংলা পরিভাষা-

| | | | |
|---|---|---|---|
| Addendum | পরিশিষ্ট | Abolition | বিলোপ |
| Abrogation | রদ | Abstract | বিমূর্ত |
| Acting | ভারপ্রাপ্ত | Accused | অভিযুক্ত |
| Act | আইন | Ad-hoc | তদর্থক |

Ans : B.

**49.** 'যথাযথ অর্থ বহন করে না' -এক কথায় কী বলে?
A. বোল B. উগু C. আবুঢ় D. অপ্রস্তুত

ব্যাখ্যা: গৎ-বাধা কথা বা যথাযথ অর্থ বহন করে না এমন কথা যা অভ্যাসের বশে বলা হয়ে থাকে, তাকে বলে বোল বা বুলি।
Ans : A.

**50.** বিশেষ নিয়মে সাধিত সন্ধিজাত শব্দ কোনটি?
A. উত্থান B. রাক্ষী C. তৎকাল D. সঞ্চার

ব্যাখ্যা: বিশেষ নিয়মে সাধিত সন্ধিজাত শব্দ হলো-
উত্থান -এর সন্ধিবিচ্ছেদ - উৎ + স্থান।
এরূপ - পরিষ্কার, সংস্কার, উত্থাপন, সংস্কৃতি।
Ans : A.

## গণিত

**51.** একটি কলম 57 টাকায় বিক্রি করলে 14% লাভ হয়। কলমটির ক্রয়মূল্য কত?
A. 52 টাকা B. 48 টাকা
C. 50 টাকা D. 51 টাকা

ব্যাখ্যা : ক্রয়মূল্য 100 টাকা হলে, 14% লাভে বিক্রয়মূল্য = 100 + 14 = 114 টাকা

$\therefore$ প্রকৃত ক্রয়মূল্য = $\frac{100}{114}\times 57 = 50$ টাকা

Ans: C.

**52.** একটি ত্রিভুজের ভূমি তার উচ্চতার দ্বিগুণ অপেক্ষা ৬ সে.মি. বেশি। ত্রিভুজটির ক্ষেত্রফল ৮১০ বর্গ সে.মি. হলে তার উচ্চতা কত?
A. ১৬ সে.মি. B. ২৫ সে.মি.
C. ১৮ সে.মি. D. ২৭ সে.মি.

ব্যাখ্যা : ধরি, উচ্চতা = x $\therefore$ ভূমি = 2x + 6

$\therefore \frac{1}{2}\times x\times(2x+6) = 810$

$\Rightarrow x(x+3) = 810 \Rightarrow x^2 + 3x - 810 = 0$

$\Rightarrow x^2 + 30x - 27x - 810 = 0 \Rightarrow (x+30)(x-27) = 0$

$\Rightarrow x = 27\ [\because x \neq -30]$

$\therefore$ উচ্চতা = 27 সে. মি.
Ans : D.

**53.** p ও q একত্রে একটি কাজ 8 দিনে করতে পারে। q একা কাজটি 12 দিনে করতে পারে। p একাকী কত দিনে ঐ কাজটি করতে পারবে?
A. 18 দিনে B. 22 দিনে
C. 20 দিনে D. 24 দিনে

ব্যাখ্যা: টেকনিক: A একটি কাজ x দিনে, A + B ঐ কাজটি y দিনে করলে; B একা কাজটি করবে = $\frac{xy}{x-y}$ দিনে।

$\therefore$ P একা কাজটি করে = $\frac{12\times 8}{12-8} = \frac{12\times 8}{4} = 24$ দিনে।
Ans : D.

**54.** $x + y = 4$ হলে $x^3 + y^3 + 12xy$ এর মান কত?
A. 16 B. 64
C. 48 D. 72

ব্যাখ্যা : $x + y = 4$ হলে, ধরি, $x = 2, y = 2$

$\therefore x^3 + y^3 + 12xy = 2^3 + 2^3 + 12\times 2\times 2 = 8 + 8 + 48 = 64$

[বি:দ্র: প্রশ্নটিতে তথ্য যথেষ্ট নেই]
Ans : B.

**55.** বার্ষিক 12% সুদে কত বছরে 10000 টাকা সুদাসলে মোট 14800 টাকা হবে?
A. 5 বছর B. 6 বছর
C. 10 বছর D. 4 বছর

ব্যাখ্যা: এখানে, $r = 12, P = 10000$

সুদ, $I = 14800 - 10000 = 4800$ টাকা।

আমরা জানি, $I = \frac{P\times n\times r}{100} \Rightarrow n = \frac{I\times 100}{P\times r}$

$\Rightarrow n = \frac{4800\times 100}{10000\times 12} \Rightarrow n = 4$ বছর।
Ans : D.

## সাধারণ জ্ঞান

**56.** Sustainable Development Goals এর টার্গেট কতটি?
A. 8 B. 169
C. 17 D. 170

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- Sustainable Development Goals এর টার্গেট - ১৭টি।
- টেকশই উন্নয়ন এর ব্যাপারটা প্রথম আলোচনায় আনে - ব্রুটল্যান্ড কমিশন (১৯৮৭)।
- Millenium Development Goals এর মেয়াদ - ২০০০-২০১৫।
- SDG এর মেয়াদ - ২০১৬-২০৩০।
- SDG এর ১৭ টি লক্ষ্যের সহায়ক মাত্রা - ১৬৯ টি।

Ans : C.

**57.** নিচের কোনটি প্রত্যক্ষ কর?
A. VAT B. Export Duty
C. Income Tax D. Import Duty

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- সর্বসাধারণের বিভিন্ন ব্যয়ের তহবিল গঠনের জন্য ধার্য করা হয় - কর।
- কর শব্দের উৎপত্তি - ল্যাটিন শব্দ 'ট্যাক্সো' থেকে।
- কর পরিশোধ করতে হয় টাকা অথবা - শ্রম দিয়ে।
- মূল্য সংযোজন করকে বলে - পরোক্ষ কর।
- নাগরিকের আয় ও সম্পদের উপর ধার্যকৃত সরকারি রাজস্বকে বলে - প্রত্যক্ষ কর।

Ans : C.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**58. পরিবারের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য কোনটি?**

A. আত্মীয়তার সম্পর্ক B. কর্তার নেতৃত্ব
C. পারিবারিক আদর্শ D. সবগুলো

ব্যাখ্যা : 'পরিবার' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- প্রায়ই সন্তানসহ বা সন্তানহীন এক বা একাধিক দম্পতির সংসারই -পরিবার।
- পরিবারে থাকে কর্তা/কর্তৃর নেতৃত্ব, আত্মীয়তার সম্পর্ক এবং - পারিবারিক আর্দশ।
- পরিবার প্রধানত - ছয় প্রকার।
- বিভিন্ন প্রকার পরিবারের নমুনা - একপত্নী, বহুপত্নী, বহুপতি পরিবার, এছাড়াও; পিতৃতান্ত্রিক, মাতৃতান্ত্রিক, একক, যৌথ ইত্যাদি।

Ans : D.

**59. "সভ্যতা হলো সামাজিক প্রতিষ্ঠান, প্রথা, বিভাজন, প্রযুক্তিগত অগ্রগতির জটিল পারস্পরিক সম্বন্ধ বিশেষ"- উক্তিটি কার?**

A. অগবার্ণ B. জিনসবার্গ
C. গার্থ ও মিলস D. ম্যাক্সওয়েবার

ব্যাখ্যা: 'অগবার্ণ' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- পুরো নাম - William Fielding Ogburn (1886-1959)।
- পরিচিতি - সমাজবিজ্ঞানী, পরিসংখ্যানবিদ এবং শিক্ষাবিদ।
- তত্ত্ব - Culture lag।
- কর্মক্ষেত্র - শিকাগো বিশ্ববিদ্যালয়, আমেরিকান সোসিয়োলজিকাল সোসাইটি, জার্নাল অব আমেরিকান স্ট্যাটিস্টিকাল এসোসিয়েশন।
- বিখ্যাত উক্তি - সভ্যতা হলো সামাজিক প্রতিষ্ঠান, প্রথা, বিভাজন, প্রযুক্তিগত অগ্রগতির জটিল পারস্পরিক সম্বন্ধ বিশেষ।

Ans : A.

**60. "রাষ্ট্রের ভিত্তি সম্মতি, শক্তি নয়" - উক্তিটি কার?**

A. টি এইচ গ্রীন B. প্লেটো
C. হবস্ D. লর্ড ব্রাইস

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু উক্তি-
- যে নদীর গভীরতা বেশি, তার বয়ে যাওয়ার শব্দ কম - জন লিভগেট।
- আমি চলে গেলে যদি কেউ না কাঁদে তবে আমার অস্তিত্বের মূল্য নাই - সুইফট।
- কোন লোককে জানতে চাইলে তাকে আগে ভালোবাসো - লেনিন।
- স্বপ্ন ছাড়া জীবন অর্থহীন - ব্রায়ান ডাইসন।
- রাষ্ট্রের ভিত্তি ইচ্ছা/সম্মতি, শক্তি নয় - টি এইচ গ্রীন।

Ans : A.

**61. 'The Spirit of Laws' গ্রন্থের লেখক কে?**

A. মন্টেস্কু B. হবস্
C. প্লেটো D. হল্যান্ড

ব্যাখ্যা : বিখ্যাত কিছু গ্রন্থ ও গ্রন্থ-রচয়িতার নাম-

| | |
|---|---|
| The Idea of justice - অমর্ত্যসেন | The Politics - এরিস্টটল |
| The Wealth of Nations - অ্যাডাম স্মিথ | দাস ক্যাপিটাল - কার্ল মার্কস |
| The Republic - প্লেটো | Spirit of Nations - ভলতেয়ার |
| ওরিয়েন্টালিজম - এডওয়ার্ড সাঈদ | Social Contract - রুশো |
| Essays in sociology - ম্যাক্স ওয়েবার | দি লজিক - এরিস্টটল |
| The spirit of laws - মন্টেস্কু | ইমাইল - রুশো |

Ans : A.

**62. পোর্ট ব্লেয়ার দ্বীপের মালিকানা কোন রাষ্ট্রের?**

A. অস্ট্রেলিয়া B. রাশিয়া
C. ভারত D. যুক্তরাজ্য

ব্যাখ্যা : 'পোর্ট ব্লেয়ার' দ্বীপ সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- ভারতের আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের রাজধানী - পোর্ট ব্লেয়ার।
- এই দ্বীপের নামকরণ করা হয় - ব্রিটিশ নৌ সেনা অফিসার লেফটেন্যান্ট আর্চিবাল্ড ব্লেয়ারের নামে।
- ভারতের স্বাধীনতা সংগ্রামীদের জন্য পৃথক কারাগার ছিল - পোর্ট ব্লেয়ারে।
- পোর্ট ব্লেয়ার পূর্বে ছিল - যুক্তরাজ্যের অধীনে।
- বর্তমানে পোর্ট ব্লেয়ার - ভারতের কেন্দ্রশাসিত অঞ্চল।

Ans : C.

**63. "আমিই রাষ্ট্র"-উক্তিটি কার?**

A. মরগ্যান B. চর্তুদশ লুই C. হিটলার D. মুসোলিনি

ব্যাখ্যা : 'ফরাসি বিপ্লব' থেকে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- বাস্তিল দূর্গের পতন হয় - ফরাসি বিপ্লবে (১৭৮৯)।
- ফরাসি বিপ্লবের সাথে জড়িত - রুশো, ভলতেয়ার, মন্টেস্কুদান্তে।
- ফরাসি বিপ্লবের মূলমন্ত্র - স্বাধীনতা, সাম্য, ভ্রাতৃত্ব।
- ফরাসি বিপ্লবের সময় রাজা ছিল - ষোড়শ লুই (১৭৫৪ - ১৭৯৩)।
- 'আমিই রাষ্ট্র' বিখ্যাত উক্তিটি করেন - চতুর্দশ লুই।

Ans : B.

**64. সামাজিক পরিবর্তনে সবচেয়ে প্রভাবশালী উপাদান কোনটি?**

A. প্রাকৃতিক পরিবেশের পরিবর্তন B. রাজনৈতিক পরিবর্তন
C. অর্থনৈতিক পরিবর্তন D. বিজ্ঞান ও প্রযুক্তি পরিবর্তন

ব্যাখ্যা : 'সামাজিক পরিবর্তন' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- সামাজিক পরিবর্তন হলো সমাজের - সার্বিক ব্যবস্থার পরিবর্তন।
- সামাজিক পরিবর্তনে ঘটে - ব্যক্তির আচরণ, আর্থ-সামাজিক ও প্রতিষ্ঠানিক পরিবর্তন।
- সামাজিক পরিবর্তনের কারণ - জনসংখ্যা, পরিবেশ, প্রযুক্তি, অর্থনীতি, সংস্কৃতি, রাজনীতি, সামাজিক আন্দোলন, বিপ্লব, মতাদর্শ ইত্যাদি।
- সামাজিক পরিবর্তনে সবচেয়ে প্রভাবশালী উপাদান - রাজনৈতিক পরিবর্তন।
- সামাজিক পরিবর্তনের গুরুত্বপূর্ণ উপাদান - বিজ্ঞান ও প্রযুক্তির পরিবর্তন।

Ans : B.

**65. সরকারি চাকরি লাভের ক্ষেত্রে সমান সুযোগের অধিকার কোন ধরনের অধিকার?**

A. সাংস্কৃতিক B. মৌলিক C. সামাজিক D. অর্থনৈতিক

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু সংবিধানের অনুচ্ছেদ ও মৌলিক অধিকার-

| অনুচ্ছেদ | মৌলিক অধিকার | অনুচ্ছেদ | মৌলিক অধিকার |
|---|---|---|---|
| ২৭ | আইনের দৃষ্টিতে সমতা | ২৮ | ধর্ম প্রভৃতি কারণে বৈষম্য |
| ২৯ | সরকারি চাকরি লাভের ক্ষেত্রে সমান সুযোগ | ৩১ | আইনের আশ্রয় লাভ |
| ৩৬ | চলাফেরার স্বাধীনতা | ৪০ | পেশা ও বৃত্তির স্বাধীনতা |
| ৪১ | ধমীয় স্বাধীনতা | ৪২ | সম্পত্তির অধিকার |
| ৪৩ | গৃহ ও যোগাযোগের রক্ষণ | ৪৬ | দায়মুক্তি-বিধানের ক্ষমতা |

Ans : B.

**66. 'Checks and Balances' শব্দের অর্থ হলো-**

A. নিয়ন্ত্রণ ও ভারসাম্য B. সমন্বয় করা
C. সমতা বিধান করা D. নিয়ন্ত্রণ ও সমতা

ব্যাখ্যা : 'Checks and Balances' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- Checks and Balances শব্দের অর্থ - নিয়ন্ত্রণ ও ভারসাম্য।
- এর উদ্দেশ্য - সরকারের স্বতন্ত্র কোন ব্রাঞ্চ যাতে ক্ষমতাবান না হয়।
- ক্ষমতা বিভাজন করা হয় - ৩ ক্ষেত্রে [আইন, শাসন ও বিচার বিভাগ]
- ক্ষমতা বিভাজনের জনক - মন্টেস্কু।
- Checks and Balances গৃহীত হয় - আমেরিকার সংবিধানে।

Ans : A.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**67.** **L. D. White ছিলেন একজন-**

A. রাজনৈতিক B. প্রশাসন বিজ্ঞানী
C. অর্থনীতিবিদ D. নগর পরিকল্পনাবিদ

**ব্যাখ্যা: L. D. White সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-**
- L. D. White এর পূর্ণনাম - Leonard Dupee White (1891-1958)।
- তিনি ছিলেন - প্রশাসন বিজ্ঞানী, ইতিহাসবেত্তা, সম্পাদনকারী, লেখক।
- প্রাপ্ত পুরস্কার - পুলিৎজার, উড্রো উইলসন ফাউন্ডেশন সাহিত্য পুরস্কার।
- লোক প্রশাসন বিষয়ে প্রথম বই লেখেন - L. D. White।
- রচিত বই - Introduction to the study of public Administration.

**Ans : B.**

**68.** **২১ সেপ্টেম্বর কোন দিবস পালিত হয়?**

A. বিশ্ব মা দিবস B. বিশ্ব পরিবেশ দিবস
C. বিশ্ব শান্তি দিবস D. বিশ্ব স্বাস্থ্য দিবস

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু আন্তর্জাতিক দিবসের তালিকা-**

| | |
|---|---|
| ৮ মার্চ - বিশ্ব নারী দিবস | ০৭ জুলাই - বিশ্ব সমবায় দিবস |
| ২১ মার্চ - বিশ্ব বৈষম্য দিবস | ০৯ আগস্ট - হিরোসিমা/বিশ্ব আদিবাসী দিবস |
| ০৭ এপ্রিল - বিশ্ব স্বাস্থ্য দিবস | ২১ সেপ্টেম্বর - বিশ্ব শান্তি দিবস |
| ০৪ মে - বিশ্ব শিশু দিবস | ১৬ অক্টোবর - বিশ্ব খাদ্য দিবস |
| ০৫ জুন - বিশ্ব পরিবেশ দিবস | ১৮ ডিসেম্বর - বিশ্ব অভিবাসী দিবস |

**Ans : C.**

**69.** **বর্তমান ব্রিটিশ প্রধানমন্ত্রীর দলের নাম কী?**

A. কনজারভেটিভ পার্টি B. লেবার পার্টি
C. লিবারেল ডেমোক্রেট পার্টি D. গ্রীন পার্টি

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-**
- বর্তমান ব্রিটিশ প্রধানমন্ত্রী - রিশি সুনাক, ৫৭ তম প্রধানমন্ত্রী। [অক্টোবর ২০২২ - বর্তমান]
- তাঁর দলের নাম - কনজারভেটিভ পার্টি।
- তিনি প্রথম ব্রিটেনের অশ্বেতাঙ্গ প্রধানমন্ত্রী।
- সর্বশেষ প্রধানমন্ত্রী বরিস জনসন পদত্যাগ করেন - জুলাই মাসে।

**Ans : A.**

**70.** **ঢাকার আসাদ গেট কোন স্মৃতি রক্ষার্থে নির্মিত?**

A. ১৯৫২ এর ভাষা আন্দোলন
B. ১৯৯০ এর স্বৈরাচার বিরোধী আন্দোলন
C. ১৯৭০ এর অসহযোগ আন্দোলন
D. ১৯৬৯ এর গণঅভ্যুত্থান

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-**
- আসাদ গেটের অবস্থান - রাজধানী ঢাকার লালমাটিয়ায়।
- আসাদ গেটের পূর্বনাম - আইয়ুব গেট।
- আইয়ুব গেট নামকরণের কারণ - আইয়ুব খান মোহাম্মদপুর এলাকায় ১৫ টি বাড়ি কিছু পরিবারের নামে বরাদ্দ দেন।
- আইয়ুব গেটের নাম আসাদ গেট হয় - ১৯৬৯ এর গণঅভ্যুত্থানে শহিদ হওয়া আমানুল্লাহ আসাদুজ্জামানের নামে।
- আসাদ শহিদ হয় - ১৯৬৯ এর ২০ জানুয়ারির ১১ দফার আন্দোলনে।

**Ans : D.**

**71.** **বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তর ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোনটি?**

A. সাঁওতাল B. মারমা
C. চাকমা D. গারো

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-**
- বাংলাদেশে বসবাসকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংখ্যা - ৫০টি।
- ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন পাস ও গেজেট প্রকাশ - ২০১০ ও ২০১৯।
- বাংলাদেশে ২য় বৃহত্তর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর নাম - মারমা।
- মারমাদের অবস্থান - বান্দরবান, রাঙামাটি, খাগড়াছড়ি, কক্সবাজার, পটুয়াখালী।
- মারমাদের ভাষা ও ধর্ম যথাক্রমে - মারমা/বর্মি এবং বৌদ্ধ।

**Ans : B.**

**72.** **2024 সালের বিশ্ব অলিম্পিক কোন দেশে অনুষ্ঠিত হবে?**

A. জাপান B. চীন C. ফ্রান্স D. যুক্তরাজ্য

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-**
- ২০২৪ সালের গ্রীষ্মকালীন অলিম্পিক অনুষ্ঠিত হবে - ফ্রান্সের প্যারিসে।
- ২০২৪ সালের অলিম্পিক আসর - ৩৩ সংখ্যক/৩৩ নম্বের।
- নীতিবাক্য - আসুন অংশীদার হই।
- উদ্বোধন ও সমাপন - ২৬ জুলাই এবং ১১ আগস্ট।
- ফ্রান্সের প্যারিসে এর আগে অনুষ্ঠিত ০২টি আসর - ১৯০০, ১৯২৪ সালের।

**Ans : C.**

**73.** **যদি ক, খ এর ভাই হয়; খ, গ এর বোন হয় এবং গ, ঘ এর বাবা হয়; তবে ঘ, ক এর সাথে কিভাবে সম্পর্কযুক্ত ?**

A. ভাই B. ভাগ্নে
C. বোন D. কোনটিই নয়

**ব্যাখ্যা :** ধরি, ক = আমি
খ = আমার বোন
গ = আমার ভাই [যেহেতু ক, খ ভাইবোন]
ঘ = আমার ভাতিজা [যেহেতু ক, গ দুই ভাই]

**Ans : D.**

**74.** **প্রশ্নবোধক চিহ্নের স্থানে নিম্নের কোনটি হবে?**

**2, 6, 12, 20, 30, ?**

A. 40 B. 42 C. 44 D. 45

**ব্যাখ্যা:** $2 + 4 = 6$; $6 + 6 = 12$; $12 + 8 = 20$
$20 + 10 = 30$; $30 + 12 = 42$

**Ans : B.**

**75.** **নিম্নে কোন দেশটির সংবিধান অসংকলিত?**

A. যুক্তরাজ্য B. ভারত C. যুক্তরাষ্ট্র D. নেপাল

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-**
- যেসব দেশের সংবিধান অলিখিত/অসংকলিত - যুক্তরাজ্য, নিউজিল্যান্ড, স্পেন ও সৌদি আরব।
- পৃথিবীর সবচেয়ে বড় সংবিধান - ভারতের (৪৪৮ টি অনুচ্ছেদ)।
- পৃথিবীর সবচেয়ে ছোট সংবিধান - যুক্তরাষ্ট্রের (০৭ টি অনুচ্ছেদ)।
- ব্রিটেনের বর্তমান রাজা - ওয়েলসের সাবেক প্রিন্স তৃতীয় চার্লস (৭৩)।
- ১৫ জন প্রধানমন্ত্রীর রাণী, রাণী এলিজাবেথ মারা যায় - ০৮ সেপ্টেম্বর, ২০২২।

**Ans : A.**

**76.** **কোন সংস্থাটি 2022 সালে রাশিয়ার উপর অর্থনৈতিক নিষেধাজ্ঞা আরোপ করেছে?**

A. EU B. OPEC C. UN D. OECD

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-**
- ২০২২ সালে রাশিয়ার উপর অর্থনৈতিক নিষেধাজ্ঞা আরোপ করে - EU।
- রাশিয়ার উপর EU-র অর্থনৈতিক নিষেধাজ্ঞার কারণ - রাশিয়া-ইউক্রেন যুদ্ধ।
- ইউক্রেনকে অস্ত্র সরবরাহ করতে US ফিরিয়ে আনে - ১৯৪১ সালের লেন্ড লিজ অ্যা
- রাশিয়ার রাষ্ট্রীয় জ্বালানি প্রতিষ্ঠানের নাম - গ্যাজপ্রম।
- জাপোরিজিয়া পারমাণবিক কেন্দ্র অবস্থিত - ইউক্রেনে।

**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়

**77.** **'Black Lives Matter' কী?**

A. একটি আন্দোলন B. একটি গ্রহাণুপুঞ্জ
C. একটি স্যাটেলাইট D. একটি সংগঠন

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- ব্ল্যাক লিভস ম্যাটার (বিএলএম) বা কৃষ্ণাঙ্গরাও মানুষ একটি - মানবাধিকার আন্দোলন।
- বিএলএম উদ্ভূত হয় - আফ্রিকান-আমেরিকান সম্প্রদায়ে।
- কৃষ্ণাঙ্গদের প্রতি পুলিশি হত্যা, বর্বরতা ও বর্ণবৈষম্যের বিরুদ্ধে বিক্ষোভ করে - বিএলএম।
- প্রতিষ্ঠাকাল - ১৩ জুলাই, ২০১৩ সাল।
- প্রতিষ্ঠাতা - Alicia Garza, Patrisse cullors, Opal Tometi।

**Ans : A.**

**78.** **সর্বপ্রথম চলচ্চিত্র নির্মাণ করেন কে?**

A. জিকো ব্রাদার্স B. ওয়ার্নার ব্রাদার্স
C. লুমিয়ার ব্রাদার্স D. ওয়াগি ব্রাদার্স

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- বিশ্বে প্রথম চলচ্চিত্র নির্মাণ করেন - লুমিয়ার ব্রাদার্স।
- লুমিয়ার ব্রাদার্স চলচ্চিত্র নির্মাণ করেন - ১৮৯৫ সালের ২৮ ডিসেম্বর।
- চলচ্চিত্রে সর্বাধিক মর্যাদাপ্রাপ্ত পুরস্কার - অস্কার।
- চলচ্চিত্রে অ্যানিমেশনের প্রথম প্রয়োগ হয় - ১৮৯৯ সালে।
- প্রথম রঙিন চলচ্চিত্র শুরু হয় - ১৯০১ সালে।

**Ans : C.**

**79.** **বিশ্বের কততম দেশ হিসেবে বাংলাদেশ ই-পাসপোর্ট চালু করেছে?**

A. 110 B. 119
C. 115 D. 120

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- ই-পাসপোর্ট হলো একটি - বায়োমেট্রিক পাসপোর্ট।
- ই-পাসপোর্টে থাকে একটি - এমবেডেড ইলেকট্রনিক মাইক্রোপ্রসেসর চিপ।
- ই-পাসপোর্টে ধারণকৃত বায়োমেট্রিক হলো - ছবি, ফিঙ্গারপ্রিন্ট, আইরিশ।
- ই-পাসপোর্ট আছে বিশ্বের - ১২০টি দেশে (বাংলাদেশ - ১১৯তম)।
- বাংলাদেশে ই-পাসপোর্ট চালু হয় - ২২ জানুয়ারি, ২০২০ সালে।

**Ans : B.**

**80.** **মুক্তিযুদ্ধ বিষয়ক গবেষণায় ২০২২ সালে বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার পেয়েছেন কে?**

A. হালিমা খাতুন B. পান্না কায়সার
C. মুহাম্মদ সামাদ D. সাহিদা বেগম

ব্যাখ্যা : বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার ২০২২-
- ২০২২ সালে বাংলা একাডেমি পুরস্কার পায় - ১৫ জন।
- বাংলা একাডেমি সাহিত্যের পুরস্কার দেওয়া হচ্ছে - ১৯৬০ থেকে।
- এই পুরস্কার দেওয়া হয় - কথাসাহিত্যে, গবেষণায়, কবিতায়, অনুবাদে, শিশুসাহিত্যে, মুক্তিযুদ্ধভিত্তিক গবেষণায়, নাটকে, বঙ্গবন্ধুবিষয়ক গবেষণায়, আত্মজীবনী/স্মৃতিকথা/ভ্রমণকাহিনিতে, বিজ্ঞান/কল্পবিজ্ঞান/পরিবেশবিজ্ঞানে।
- মুক্তিযুদ্ধ বিষয়ক গবেষণায় পুরস্কার পায় - পান্না কায়সার।

**Ans : B.**

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইউনিট : B)
## শিক্ষাবর্ষ: ২০২১-২২ [Set - H]

### English

***Read the passage and answer to the questions (1-5):***

A vast mangrove forest shared by Bangladesh and India that is home to possibly five hundred Bengal tigers is being rapidly destroyed by erosion, rising sea levels and storm surges, according to a study conducted by the ZSL. The Sundarbans took the brunt to cyclone Sidr in 2007, but new satellite studies show that 71% of the forested coastline is retreating by as much as two hundred metres a year. If erosion continues at this pace, already threatened tiger populations living in the forests will be put further at risk. Pettorelli, said. "A continuing rate of retreat would see these parts of the mangrove disappear within fifty years. On the Indian side of the Sundarbans, the island which extends most into the Bay of Bangal has receded by an average of 150 meters a year, with a maximum of just over 200 meters; this would see the disappearance of the island in about twenty years."

The causes for increasing coastline retreat, other than direct anthropogenic ones, include increased frequency of storm surges and other extreme natural events, rises in sea-level and increased salinity which increases the vulnerability of mangroves. Research indicates a rapidly retreating coastline that cannot be accounted for by the regular dynamics of the Sundarbans. Degradation is happening fast, weakening this natural shield for India and Bangladesh. As human development thrives, and global temperature continues to rise, natural protection from tidal waves and cyclones is being degraded at alarming rates. This will inevitably lead to species loss in this richly biodiverse part of the world, if nothing is done to stop it. The Sundarbans is a critical tiger habitat; to lose the Sundarbans would be to move a step closer to the extinction of tigers.

**01.** **Which of the following information is not shared by the author?**

A. An estimated five hundred Bengal tigers live in the Sundarbans.
B. Rising sea level risking habitats of the Bengal tigers.
C. The Sundarbans is a cross-border mangrove forest.
D. Bengal tigers face a food crisis in new mangrove.

ব্যাখ্যা: Passage এ ম্যানগ্রোভ সুন্দরবনে বসবাসকারী বেঙ্গল টাইগারদের খাদ্য সংকট (food crisis) নিয়ে লেখক কোনো information প্রদান করেন নি। অবশিষ্ট অপশনগুলোতে বিদ্যমান তথ্যগুলো লেখক passage এ share করেছেন। তাই, এখানে অপশন (D) হবে সঠিক।

**Ans : D.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**02. The author suggests that the coastline retreat is resulting from ____.**
A. super cyclone Sidr
B. rapid decline of tiger population
C. erosion
D. mangrove disappearance

ব্যাখ্যা : Passage এর ১ম লাইনে বলা হয়েছে ক্রমবর্ধমান ক্ষয়সাধনের (erosion) ফলে উপকূলীয়রেখা হ্রাস পাচ্ছে। সুতরাং Coastline retreat (উপকূলীয়রেখা হ্রাস) পাওয়ার প্রধান কারণ হচ্ছে Erosion বা ক্ষয়সাধন। তাই অপশন (C) হবে সঠিক।
**Ans : C.**

**03. By "anthropogenic cause" for the rapid coastline erosion the author refers to ___.**
A. frequent storm
B. rising sea level
C. increased salinity
D. human-induced activities

ব্যাখ্যা : Anthropogenic - মানবসৃষ্ট।
এখানে "Anthropogenic" দ্বারা মানবসৃষ্ট কারণসমূহ তথা Human-induced (মানবসৃষ্ট) activities বুঝানো হচ্ছে।
**Ans : D.**

**04. Which one of the following statements is more appropriate?**
A. The Sundarbans alone is a guard against global temperature.
B. The Sundarbans can protect us againsts tidal waves.
C. Degradation of biodiversity is inevitable.
D. Save tiger to save Sundarbans.

ব্যাখ্যা : Degradation - পতন/ধ্বংস।
Biodiversity - জীববৈচিত্র্য।
Inevitable - অনিবার্য।
Passage -এ বলা হয়েছে Sundarbans প্রাকৃতিক দুর্যোগের ধাক্কাটা সামলায়। সুন্দরবনের কারণে বিশাল ক্ষয়ক্ষতি থেকে বাংলাদেশ রেহায় পায় এবং এটি tidal waves থেকেও উপকূলীয় অঞ্চলগুলোকে সুরক্ষা দেয়। তাই অপশন (B) সঠিক।
**Ans : B.**

**05. The article highlights the ____.**
A. risk of global warming and threat to biodiversity
B. risk of earning of the people living in the Sundarbans
C. tension between development and environmentalism
D. risk of disappearance of the Sundarbans

ব্যাখ্যা: Passage এ লেখক সুন্দরবন বিলুপ্তির ঝুঁকিসমূহ তুলে ধরেছেন। তাই এই প্রবন্ধের মূল আলোচ্য বিষয় হচ্ছে "Risk of disappearance of the Sundarbans."
**Ans : D.**

**06. Select the appropriate use of 'reconciliation'.**
A. When and how were the steps toward reconciliation taken?
B. Reconciliation, after long years of brutality, is always hard.
C. The ground is not exactly fertile for reconciliation to take root.
D. All the above.

ব্যাখ্যা: Reconciliation - মীমাংসা/পুনর্মিলন।
Reconciliation, after long years of brutality, is always hard." এর অর্থ- "দীর্ঘ সময়ের বর্বরতার পর পুনর্মিলন সবসময় কঠিন"। অপশন (A) grammatically শুদ্ধ নয় এবং অপশন (C) অর্থগত দিক থেকে শুদ্ধ নয়।
**Ans : B.**

**07. It's too late to go shopping. The shops are only open ___ 9.30pm. They'll be closed ___ now.**
A. by, untill
B. until, until
C. until, by
D. by, by

ব্যাখ্যা: Until - পর্যন্ত/নাগাদ।
By - নিকট/কাছাকাছি সময়/নির্দিষ্ট মুহূর্ত বোঝাতে ব্যবহৃত হয়।
এখানে দোকান ৯:৩০ টা পর্যন্ত খোলা থাকবে অর্থে Until ব্যবহৃত হবে। আর এখন দোকান গুলো বন্ধ হবে অর্থে "by now" ব্যবহৃত হবে। কারণ "এখন" দ্বারা নির্দিষ্ট একটি মুহূর্ত বুঝাচ্ছে।
**Ans : C.**

**08. Microphone : Loud :: Microscope : ____?**
A. Elongate
B. Magnify
C. Investigate
D. Examine

ব্যাখ্যা: Elongate - প্রসারিত করা।
Magnify - বিবর্ধিত করা।
এখানে Microphone যেভাবে শব্দকে বড় (loud) করে ঠিক তেমনি Microscope (অণুবীক্ষণ যন্ত্র) বস্তুকে বিবর্ধিত (magnify) করে। অর্থাৎ শব্দদ্বয় পরস্পর analogous।
**Ans : B.**

**09. The synonym of the word 'Germinate' is-**
A. Decay
B. Produce
C. Breed
D. Sprout

ব্যাখ্যা: Germinate - অঙ্কুরিত হওয়া। Decay - ক্ষয়প্রাপ্ত হওয়া।
Breed - বংশবৃদ্ধি করা। Sprout - অঙ্কুরিত হওয়া।
**Germinate এর কিছু Synonyms & Antonyms:**
**Synonyms:** Sprout, Shoot, Bud, Swell, Vegetate.
**Antonyms:** Cease, Die, Thwart, Compress, Shrink.
**Ans : D.**

**10. Change the narration. David said to Anna, "Mona will leave for her native place tomorrow."**
A. David told Anna that Mona will leave for her native place tomorrow.
B. David told Anna that Mona left for her native place the next day.
C. David told Anna that Mona would leaving for her native place tomorrow.
D. David told Anna that Mona would leave for her native place the next day.

ব্যাখ্যা : Sentence টির Reporting speech এর Reporting verb হলো said এবং এরপর object "Anna" আছে। তাই Indirect করার ক্ষেত্রে told এবং inverted কমার পরিবর্তে that বসবে। এরপর Reported speech এ will পরিবর্তিত হয়ে would হবে এবং মধ্যবর্তী অংশ ঠিক রেখে "tomorrow" এর পরিবর্তে the next day বসাতে হবে।
**Ans : D.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**11. What is the masculine gender of 'mare'?**
A. Mermaid B. Bear C. Stallion D. Dog

ব্যাখ্যা:

| Masculine | Feminine |
|---|---|
| Stallion (ঘোড়া) | Mare (মাদী ঘোড়া) |
| Boar (শূকর) | Sow (মাদী শূকর) |
| Dog | Bitch |
| Fox | Vixen |
| Hart (হরিণ) | Roe (হরিণী) |

**Ans : C.**

**12. Correct the underlined part of the sentence.**
**I need not offer any explanation regarding this incident. My behaviour is speaking itself.**
A. will speak to itself B. speaks for itself
C. has been speaking D. speaks about itself

ব্যাখ্যা: Something speaks for itself এর অর্থ- something is clear and needs no further explanation.
"I need not offer any explanation regarding this incident. My behaviour speaks for itself." এর অর্থ- "এই ঘটনা সম্পর্কে আমার কোনো ব্যাখ্যা দিতে হবে না। আমার আচরণ থেকে তাই সুস্পষ্ট"।
এখানে "কোনোকিছু এতটাই সুস্পষ্ট যার জন্য পৃথক করে ব্যাখ্যা দেওয়ার প্রয়োজন নেই" এমনটা অর্থে "speaks for itself" ব্যবহৃত হবে।
**Ans : B.**

**13. If a part of speech or writing breaks the theme, it is called-**
A. pomposity B. exaggeration
C. digression D. anti-climax

ব্যাখ্যা: Pomposity - নিদারুণ আত্মম্ভরিতা/আড়ম্বরতা।
Digression - মূল প্রসঙ্গ থেকে বিচ্যুতি।
Exaggeration - অত্যুক্তি/অতিরঞ্জন।
Anti-climax - গুরুগম্ভীর ভাব থেকে তুচ্ছ ভাবে আকস্মিক রূপান্তর বা অবতরণ।
যদি কোনো বক্তব্য বা লেখা মূলভাব থেকে বিচ্যুতি হয়ে পড়ে তখন তাকে digression (মূল প্রসঙ্গ বিচ্যুতি) বলা হয়।
**Ans : C.**

**14. My uncle has three sons, ___ work in the same office.**
A. all of them B. all of whom
C. they all D. who all

ব্যাখ্যা : এটি একটি complex sentence। এখানে "My uncle has three sons" এই main clause টির সাথে "work in the same office" এই clause টিকে connect করতে "যারা" অর্থে "whom" Relative pronoun টি ব্যবহৃত হবে। অর্থাৎ, সম্পূর্ণ বাক্যটি হবে- "My uncle has three sons, all of whom work in the same office. (আমার চাচার তিনটি ছেলে আছে যারা সবাই একই অফিসে কাজ করে)"।
**Ans : B.**

**15. Man who has committed such an ___ crime must get the most severe punishment.**
A. injurious B. unworthy
C. uncharitable D. abominable

ব্যাখ্যা: Injurious - ক্ষতিকর। Unworthy - অযোগ্য।
Uncharitable - সহানুভূতিহীন। Abominable - জঘন্য।
এখানে "জঘন্য অপরাধ" অর্থে "abominable" ব্যবহৃত হবে।
**Ans : D.**

**16. Improve the underlined part of the sentence.**
**His powerful desire brought about his downfall.**
A. His intense desire
B. His desire for power
C. His fatal desire
D. No improvement required

ব্যাখ্যা: এখানে sentence এর underlined part টাকে improve করতে বলা হয়েছে। "His powerful desire" এর অর্থ "তার তীব্র ইচ্ছা"। এই অংশটাকে "His desire for power" দ্বারা replace করে sentence টিকে improve করা যায় কারণ প্রদত্ত বাক্যে negative effect (ফলাফল) "downfall" থাকায় এর cause (কারণ) টিও negative হবে। আর "Desire for power (ক্ষমতার আকাঙ্ক্ষা)" একটি negative cause। "ক্ষমতার তীব্র আকাঙ্ক্ষা তার পতন ডেকে আনে" এই মর্মে sentence টির improvement করতে হবে।
**Ans : B.**

**17. Unless the crown can make a better case, the accused murderer will not be convicted. Underlined part of the clause is-**
A. Noun clause B. Adverb clause
C. Adjective clause D. Not any one

ব্যাখ্যা: Adverbial clause of condition একটি বিশেষ ধরনের adverb clause। এই clause টি কোন শর্তের অধীনে main clause এর কর্মটি সম্পাদন হবে তা নির্দেশ করে। Adverbial clause of condition চেনার উপায় হচ্ছে এটি বিশেষ কিছু subordinating conjunction দিয়ে শুরু হয়। যেমন- if, whether, provided that, so long as এবং unless।
এখানে underlined part টি যেহেতু যে শর্তের অধীনে খুনিকে দোষী সাব্যস্ত করা হবে না সে শর্ত প্রদান করে এবং এতে clause marker হিসেবে unless আছে সেহেতু এটি একটি adverbial clause of condition অর্থাৎ adverb clause।
**Ans : B.**

**18. One who abandons his religious faith is called-**
A. apostate B. profane
C. prostate D. agnostic

ব্যাখ্যা: **Prostate:** a gland surrounding the neck of the bladder in male mammals and releasing a fluid component of semen.
**Profane:** (of a person or their behaviour) not respectful of religious practice; irreverent.
**Agnostic:** a person who believes that nothing is known or can be known of the existence or nature of God.
**Apostate:** a person who renounces or abandons a religious or political belief or principle.
**Ans : A.**

**19. Detect the incorrect part of the sentence.**
**The capital of Yemen/is situating/2190 meters above/the sea level.**
A. The capital of Yemen B. is situating
C. 2190 meters above D. the sea level

ব্যাখ্যা: বাক্যটি সঠিকভাবে সম্পূর্ণ করলে দাঁড়ায়- "The capital of Yemen is situated 2190 meters above the sea level." যার অর্থ- "ইয়েমেনের রাজধানী সমুদ্রপৃষ্ঠ থেকে ২১৯০ মিটার উপরে অবস্থিত"।
এখানে "অবস্থিত" অর্থে is situating নয় বরং is situated হবে।
**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঞ্জেরীতে
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**20. 'To pick holes' means-**
A. To find some reason to quarrel
B. To destroy something
C. To criticise someone
D. To cut some part of an item

ব্যাখ্যা: "To pick holes" একটি idiom এবং এর অর্থ হচ্ছে - To criticise someone (কারো সমালোচনা করা)।
**Ans : C.**

**21. The opposite word of 'Haunt' is -**
A. Permeate B. Repel
C. Include D. Attract

ব্যাখ্যা: Permeate - পরিব্যাপ্ত করা।
Repel - প্রতিহত করা।
এখানে "Haunt" এর অর্থ হবে "এমন একটি স্থান যা মানুষদের আকৃষ্ট করে এবং যে স্থানটি মানুষ প্রায় ভ্রমণ করে"। এই অর্থে "আকৃষ্ট করা" এর বিপরীত শব্দ Repel (প্রতিহত করা/নিবারণ করা/দূরে রাখা)।
**Haunt এর কিছু গুরুত্বপূর্ণ Synonyms এবং Antonyms-**
**Synonyms:** Affect, Frequent, Visit, Attract, Resort.
**Antonyms:** Repel, Escape, Elude, Avoid, Shun.
**Ans : B.**

**22. Read both the statements and then mark your answer.**
**Statement I: The government has recently fixed the fees for professional courses offered by the unaided institutions which are much lower than the fees charged last year.**
**Statement II: The parents of the aspiring students launched a severe agitation last year protesting against the high fees charged by the unaided institutions.**
A. Statement I is the cause and statement II is its effect.
B. Statement II is the cause and statement I is its effect.
C. Both the statements I and II are independent causes.
D. Both the statements I and II are effects of some common cause.

ব্যাখ্যা: এখানে Statement-II হচ্ছে cause (কারণ) এবং Statement-I হচ্ছে effect (ফলাফল)। যেহেতু Statement-II তে বলা হয়েছে বেসরকারি প্রতিষ্ঠানগুলো অতিরিক্ত ফি দাবি করায় উচ্চাকাঙ্ক্ষী ছাত্রছাত্রীদের পিতামাতাদের মধ্যে ক্ষোভ দেখা দেয় যা নিরসনে সরকারের গৃহীত পদক্ষেপ Statement-I এ বর্ণিত হয়েছে। অর্থাৎ এক্ষেত্রে Statement-II তে বর্ণিত ঘটনার কারণেই ফলাফল হিসেবে Statement-I এ বর্ণিত পদক্ষেপটি নেওয়া হয়েছে।
**Ans : B.**

**23. Change the voice: The boy laughed at the begger.**
A. The beggar was laughed by the boy.
B. The beggar was being laughed at by the boy.
C. The beggar was being laughed by the boy.
D. The beggar was laughed at by the boy.

ব্যাখ্যা : Laugh at - কাউকে নিয়ে বিদ্রূপ করা।
প্রশ্নোক্ত voice টি একটি Active voice। একে Passive voice এ পরিবর্তন করার নিয়ম-
**Active:** Sub + $v_2$ + obj.
**Passive:** Sub (Acitve voice এর obj) + was/were + $v_3$ + by + obj(Active voice এর Sub).
এখানে, Sentence টিকে Passive voice এ পরিবর্তন করতে sentence এর শুরুতে subject হিসেবে "The beggar" বসবে যেহেতু এটি Active voice এর object। এরপর উপরোক্ত নিয়মানুসারে auxiliary verb "was" বসাতে হবে কারণ The beggar হচ্ছে singular subject। পরবর্তীতে "laugh at" এর past participle "laughed at" বসবে এবং সর্বশেষে by + object হিসেবে "The boy" ব্যবহৃত হবে।
**Active:** The boy laughed at the beggar.
**Passive:** The beggar was laughed at by the beggar.
**Ans : D.**

**24. His appearance is unsmiling but ___.**
A. his heart is full of compassion for others
B. he looks very serious on most occasions
C. people are afraid of him
D. he is uncompromising on matters of task performance

ব্যাখ্যা: দুটি পরস্পর বিপরীত বাক্য বা বাক্যাংশকে যুক্ত করতে but ব্যবহৃত হয়। সম্পূর্ণ বাক্যটি হবে- "His appearance is unsmilling but his heart is full of compassion for others." যার অর্থ- "তার চেহারা গুরুগম্ভীর কিন্তু তার হৃদয় অন্যদের জন্য মমতায় পরিপূর্ণ"। এখানে বলা হচ্ছে, তাকে গুরুগম্ভীর মনে হলেও তার হৃদয় মমতায় পরিপূর্ণ। অর্থাৎ তার বাহ্যিক রূপ তার অভ্যন্তরীণ রূপের সম্পূর্ণ বিপরীত।
**Ans : A.**

**25. Find the correctly spelt word.**
A. Adventitious B. Adventitus
C. Adventitous D. Adventituous

ব্যাখ্যা: এখানে correct spelling টি হবে Adventitious (উদ্দেজনক)
**গুরুত্বপূর্ণ কিছু spellings:**
Quarantine, Achieve, Accommodation, Appearance, Questionnaire, Assassination, Bizarre।
**Ans : A.**

## বাংলা

**26. 'বায়ান্নর দিনগুলো' গল্পে কত মাস পরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁর পুরানা জায়গায়, পুরানা বিছানায় শুয়ে কারাগারের নির্জন প্রকোষ্ঠের দিনগুলো কথা মনে করছিলেন?**
A. ষোল-সতের B. বাইশ-তেইশ
C. সাতাশ-আঠাশ D. প্রায় ছত্রিশ মাস

ব্যাখ্যা : 'বায়ান্নর দিনগুলো' রচনার উদ্ধৃতি-
"সাতাশ-আঠাশ মাস পরে আমার সেই পুরানা জায়গায়, পুরানা কামরায়, পুরানা বিছানায় শুয়ে কারাগারের নির্জন প্রকোষ্ঠের দিনগুলির কথা মনে পড়ল।"
**Ans : C.**

**27. 'রেইনকোট' গল্পে প্রিন্সিপালের কোয়ার্টার মাঠ পেরিয়ে কোনদিকে?**
A. বাঁ দিকে B. ডান দিকে
C. সামনে D. একটু সামনে গিয়ে সোজা

ব্যাখ্যা: 'রেইনকোট' গল্পের উদ্ধৃতি-
"মাঠ পেরিয়ে একটু বাঁ দিকে প্রিনসিপ্যালের কোয়ার্টার। এর সঙ্গে মিলিটারি ক্যাম্প। কলেজের জিমন্যাশিয়ামে এখন মিলিটারি ক্যাম্প।"
**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

28. 'ঐক্যতান' কবিতায় কবি মনের ক্ষোভে কোন ধরনের গ্রন্থ পড়েন?
A. ভ্রমণবৃত্তান্ত B. ধর্মগ্রন্থ
C. ইতিহাস D. পল্লী কাব্য

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
**Ans : A.**

29. "তারি পরে ভর দিয়া চলিতেছে ___ সংসার"- চরণটির শূন্যস্থানে কোন শব্দটি বসবে?
A. জগৎ B. সমাজ C. সমস্ত D. আমার

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
**Ans : C.**

30. চার্বাক কে ছিলেন?
A. চিকিৎসক B. ইতিহাসবেত্তা
C. বাস্তববাদী দার্শনিক D. ধর্মীয় নেতা

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
**Ans : C.**

31. 'কন্দর' শব্দের অর্থ কী?
A. পর্বতের গুহা B. মন্দির
C. নিভৃত D. হৃদয়

**Ans : A.**

32. 'তাহারেই পড়ে মনে' কত সালে প্রথম প্রকাশিত হয়?
A. ১৯৩৫ B. ১৯৩৮ C. ১৯৪২ D. ১৯৪৭

ব্যাখ্যা : 'তাহারেই পড়ে মনে' কবিতা সম্পর্কিত কিছু তথ্য-

| | |
|---|---|
| কবি | সুফিয়া কামাল। |
| ছন্দ | অক্ষরবৃত্ত। |
| ধরন | নাট্যগুণসম্পন্ন সংলাপ নির্ভর রচনা। |
| প্রথম প্রকাশ | মাসিক মোহাম্মদী পত্রিকায়, ১৯৩৫ সালে। |

**Ans : A.**

33. কাব্যগ্রন্থটি কবি আহসান হাবীব রচিত নয়?
A. বৈরী বৃষ্টিতে B. মুহূর্তের কবিতা
C. বিদীর্ণ দর্পণে মুখ D. পূর্বাভাস

ব্যাখ্যা : প্রশ্নোক্ত রচনার ধরণ ও রচয়িতা-

| রচনার নাম | ধরণ | রচয়িতা |
|---|---|---|
| বৈরী বৃষ্টিতে | কাব্যগ্রন্থ | সিকান্দার আবু জাফর |
| মুহূর্তের কবিতা | কাব্যগ্রন্থ | ফররুখ আহমদ |
| বিদীর্ণ দর্পণে মুখ | কাব্যগ্রন্থ | আহসান হাবীব |
| পূর্বাভাস | কাব্যগ্রন্থ | সুকান্ত ভট্টাচার্য |

**Ans : A, B & D.**

34. 'সিরাজউদ্দৌলা' নাটকটির কয়টি দৃশ্য সিরাজ স্বয়ং উপস্থিত ছিলেন?
A. নয়টি B. ছয়টি
C. আটটি D. এগারোটি

ব্যাখ্যা : 'সিরাজউদ্দৌলা' নাটকে অঙ্ক ৪টি। দৃশ্য সংখ্যা ১২টি। নবাব সিরাজের সরাসরি উপস্থিতি ৮টি দৃশ্যে।
**Ans : C.**

35. কবি আহসান হাবীব ১৯৬৪ সালে কোন পত্রিকার সাহিত্য সম্পাদক হিসেবে নিযুক্ত হন?
A. দৈনিক বাংলা B. দৈনিক নবযুগ
C. দৈনিক কর্ণফুলি D. দৈনিক মিল্লাত

ব্যাখ্যা: আহসান হাবীব ১৯৬৪ সালে সাহিত্য-সম্পাদক হিসেবে যোগ দেন দৈনিক বাংলা/তৎকালীন 'দৈনিক পাকিস্তান' পত্রিকায়, আমৃত্যু তিনি এ পত্রিকার সাথে যুক্ত ছিলেন।
**Ans : A.**

36. মজিদ কোথা থেকে মহব্বতনগর গ্রামে আসে?
A. মতিগঞ্জ B. আওয়ালপুর
C. গারো পাহাড় D. নাসিরনগর

ব্যাখ্যা : 'লালসালু' উপন্যাসের কতিপয় তথ্য-
- মজিদ মহব্বতনগর গ্রামে আসে - গারো পাহাড় থেকে।
- মহব্বতনগর থেকে আওয়ালপুরের অবস্থান - ৩ গ্রাম পর।
- একটি হাসপাতাল আছে - করিমগঞ্জে।
- ইউনিয়ন বোর্ডের চেয়ারম্যান - মতলুব খাঁ।
- মজিদ মোনাজাতের ভঙ্গিতে দাঁড়িয়ে থাকে - মতিগঞ্জের সড়কে।
- দশ কথায় রা নেই - রহিমার।

**Ans : C.**

37. উপন্যাস বিশ্লেষকগণ একটি সার্থক উপন্যাসের কয়টি উপাদানের কথা বলেছেন?
A. ৬ টি B. ৫ টি
C. ৭ টি D. ৮ টি

ব্যাখ্যা : আধুনিক কালের শিল্পরূপ - উপন্যাস।
- একটি সার্থক উপন্যাসের প্রধান উপাদান - ৬ টি।
- 'উপন্যাস' শব্দের আক্ষরিক অর্থ - উপযুক্ত বা বিশেষরূপে স্থাপন।
- বাংলা উপন্যাসের সূচনা ঘটে - উনিশ শতকে।

**Ans : A.**

38. 'অলংকার' শব্দের শুদ্ধ উচ্চারণ কোনটি?
A. ওলঙকার B. অলঙ্কার
C. ওলোঙকার D. অলোঙকার

ব্যাখ্যা : কতিপয় শব্দের শুদ্ধ উচ্চারণ-

| প্রদত্ত শব্দ | উচ্চারণ | প্রদত্ত শব্দ | উচ্চারণ |
|---|---|---|---|
| অলংকার | ওলোঙ্কার্ | বিজ্ঞান | বিগ্‌গ্যান |
| শ্রদ্ধা | স্রোদ্‌ধা | শ্মশান | শঁশান্ |
| রশ্মি | রোশ্‌শি | সহজ | শহোজ্ |
| সৈনিক | শোইনিক্ | খাদ্য | খাদ্‌দো |

**Ans : C.**

39. শুদ্ধ বানান কোনটি?
A. আশিস B. উচিৎ
C. কৌতুহল D. ত্রিভূজ

ব্যাখ্যা : কতিপয় শব্দের অশুদ্ধ ও শুদ্ধরূপ-

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| আশিশ | আশিস | কৌতুহল | কৌতূহল |
| পৈত্রিক | পৈতৃক | অলিক | অলীক |
| উচিৎ | উচিত | ত্রিভূজ | ত্রিভুজ |
| দূর্ণাম | দুর্নাম | মুহুর্মুহু | মুহুর্মুহু |

**Ans : A.**

40. "আমাদের যাত্রা সমুদ্র অভিমুখে"- এখানে অভিমুখে একটি-
A. বিশেষণ B. অনুসর্গ
C. সর্বনাম D. ক্রিয়া বিশেষণ

ব্যাখ্যা : কতিপয় সংস্কৃত অনুসর্গের উদাহরণ-
- অপেক্ষা: এ জীবন অপেক্ষা প্রিয় আর কিছু নাই।
- অভিমুখে: আমাদের যাত্রা সমুদ্র অভিমুখে।
- উপরে: সবার উপরে মানুষ সত্য।
- কারণে: পরের কারণে স্বার্থ দিয়া বলি।
- নিকট: নগরের নিকটেই নদী।
- সম্মুখে: বিপদের সম্মুখে নির্ভয় থাকো।

**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঞ্জেরীতে
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**41.** "জোর যার মুলুক তার" এখানে যার হচ্ছে-
A. যোজক
B. বিশেষ্য
C. সর্বনাম
D. অনুসর্গ

ব্যাখ্যা : যে সর্বনাম পদগুলি একটির সাপেক্ষে আর একটি ব্যবহৃত হয়, তাকে সাপেক্ষ সর্বনাম বলে।
যথা: যে সয়, সে রয়। জোর যার, মুলুক তার।
**Ans : C.**

**42.** কোনটি ক্ষুদ্রার্থে 'ইকা' প্রত্যয়যোগে গঠিত শব্দ?
A. মালিকা
B. সেবিকা
C. নায়িকা
D. শ্যালিকা

ব্যাখ্যা : ক্ষুদ্রার্থে গঠিত কতিপয় স্ত্রীবাচক শব্দ হলো - মালিকা, নাটিকা, বীথিকা, গীতিকা, পুস্তিকা ইত্যাদি।
**Ans : A.**

**43.** 'জয়' শব্দে প্রকৃতি ও প্রত্যয়-
A. জি + অল
B. জ + অচ
C. জ + অউ
D. জি + উ

ব্যাখ্যা : সংস্কৃত অল্-প্রত্যয়যোগে গঠিত শব্দ হলো- √জি + অল = জয়, √ক্ষি + অল = ক্ষয়, √ভি + অল = ভয়।
**Ans : A.**

**44.** 'কর্ণকুহর' কোন সমাস?
A. তৎপুরুষ
B. কর্মধারয়
C. দ্বন্দ্ব
D. শ্যালিকা

ব্যাখ্যা : 'কর্ণকুহর' শব্দের ব্যাসবাক্য হলো- কর্ণের কুহর, 'এর' হলো ৬ষ্ঠী বিভক্তি। তাই, এটি ষষ্ঠী তৎপুরুষ সমাসের উদাহরণ।
**Ans : A.**

**45.** তালব্য বর্ণ নয় কোনটি?
A. ঙ
B. ঞ
C. জ
D. চ

ব্যাখ্যা : তালব্য বর্ণগুলো হলো- চ, ছ, জ, ঝ, ঞ, শ।
• 'ঙ' কণ্ঠ্য ও নাসিক্যবর্ণ।
**Ans : A.**

**46.** 'ষ্ণ' যুক্তবর্ণটি গঠিত হয়েছে-
A. ষ + ণ
B. ষ + ঞ
C. ষ্ + ঞ
D. ষ্ + জ

ব্যাখ্যা : কতিপয় যুক্তব্যঞ্জনের বিশ্লিষ্ট রূপ-
• ষ্ণ = ষ্ + ণ; ঞ্চ = ঞ্ + চ; ঞ্ছ = ঞ্ + ছ।
• জ্ঞ = জ্ + ঞ; ত্থ = ত + থ; হ্ব = হ্ + ব।
• ক্ষ = ক্ + ষ; হ্ম = হ্ + ম; ক্ষ্ম = ক্ + ষ + ম।
**Ans : A.**

**47.** 'বরফ' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
A. আরবি
B. ফারসি
C. তুর্কি
D. পর্তুগিজ

ব্যাখ্যা : ফারসি ভাষার কতিপয় শব্দ- সফেদ, বরফ, আদমি, খাজাঞ্চি, পোশাক, দফতর, দস্তখত, দৌলত, নালিশ, বান্দা, জিন্দা, নমুনা, দোজখ, বেহেশত, চশমা, তারিখ ইত্যাদি।
**Ans : B.**

**48.** "যদি বল, আসবো।" -এটা ধরনের বাক্য?
A. ইচ্ছাসূচক
B. প্রার্থনামূলক
C. কার্যকারণাত্মক
D. অনুজ্ঞা

ব্যাখ্যা : কারণ, নিয়ম, শর্ত, স্বীকৃতি, সংকেত ইত্যাদি যে বাক্যে দ্যোতিত হয়, তাকে কার্যকারণাত্মক বাক্য বলে।
যেমন- যদি বল, আসবো। কষ্ট না করলে, জীবনে সাফল্য আসে না।
**Ans : C.**

**49.** কলকাতায় ফোর্ট উইলিয়াম দুর্গ কত সালে প্রতিষ্ঠিত হয়?
A. ১৭০৬
B. ১৭২১
C. ১৬৮৪
D. ১৬৮৯

ব্যাখ্যা : ফোর্ট উইলিয়াম কলকাতা শহরে অবস্থিত একটি দুর্গ। দুর্গটির নির্মাণ কাজ শেষ হয় ১৭০৬ সালে। ইংল্যান্ডের রাজা তৃতীয় উইলিয়ামের সম্মানে দুর্গটির নামকরণ করা হয় ফোর্ট উইলিয়াম।
**Ans : A.**

**50.** 'মেঘের ধ্বনি' -এক কথায় কী বলে?
A. অঙ্গনা
B. স্মার্ত
C. জীমূতমন্দ্র
D. বুক্কন

ব্যাখ্যা : কতিপয় এক কথায় প্রকাশ-
• মেঘের ধ্বনি - জীমূতমন্দ্র।
• স্মৃতির অনুসারী - স্মার্ত।
• কুকুরের ডাক - বুক্কন।
• বিহঙ্গের ডাক - কাকলি/কূজন।
• যা গতিশীল - জঙ্গম।
• যার কিছু নেই - আকিঞ্চন।
**Ans : C.**

## গণিত

**51.** একটি খাতা 36 টাকায় বিক্রি করলে যত ক্ষতি হয়, 72 টাকায় বিক্রি করলে তার দ্বিগুণ লাভ হয়। খাতাটির ক্রয়মূল্য কত?
A. 28 টাকা
B. 42 টাকা
C. 34 টাকা
D. 48 টাকা

ব্যাখ্যা : ধরি, ক্রয়মূল্য = x
$\therefore 2(x-36) = 72 - x \Rightarrow 2x - 72 = 72 - x$
$\Rightarrow 2x + x = 72 + 72 \Rightarrow 3x = 144 \Rightarrow x = 48$
**Ans : D.**

**52.** একটি সমকোণী ত্রিভুজের অতিভুজের দৈর্ঘ্য 15 সে.মি ও অপর বাহুদ্বয়ের অন্তর 3 সে.মি। ঐ বাহুদ্বয়ের দৈর্ঘ্য নির্ণয় কর?
A. 8 সে.মি. ও 11 সে.মি.
B. 9 সে.মি ও 12 সে.মি
C. 10 সে.মি. ও 13 সে.মি.
D. 11 সে.মি. ও 14 সে.মি.

ব্যাখ্যা: টেকনিক:
সমকোণী ত্রিভুজের বাহুগুলোর অনুপাত = $3:4:5, 5:12:13$
যেহেতু, অতিভুজ 15 সে.মি. সুতরাং বাহুগুলোর অনুপাত = $3:4:5$
$= 9:12:15$
অর্থাৎ, অতিভুজ 15 সে.মি. হলে, অপর বাহুদ্বয় 9 সে.মি. ও 12 সে. মি.
**Ans : B.**

**53.** x ও y একত্রে একটি কাজ p দিনে করতে পারে। x একা কাজটি q দিনে করতে পারে। y একাকী কত দিনে ঐ কাজটি করতে পারবে?
A. $p/(q-p)$ দিনে
B. $pq/(p-q)$ দিনে
C. $q/(q-p)$ দিনে
D. $pq/(q-p)$ দিনে

ব্যাখ্যা: টেকনিক: y একাকী করতে পারবে = $\frac{pq}{q-p}$ দিনে।
**Ans : D.**

শিক্ষার সবকিছু পাঠশালা
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**54.** $a + 1/a = 7$ হলে $a^3 + 1/a^3$ এর মান কত?

A. 322 B. 321
C. 320 D. 323

ব্যাখ্যা : $a^3 + \frac{1}{a^3} = \left(a + \frac{1}{a}\right)^3 - 3.a.\frac{1}{a}\left(a + \frac{1}{a}\right)$

$= 7^3 - 3.7 = 343 - 21 = 322$

Ans : A.

**55.** বার্ষিক 10% সরল সুদে 4000 টাকা 8 বছরে সুদে-আসলে কত টাকা হবে?

A. 7000 B. 7200
C. 7400 D. 7500

ব্যাখ্যা : এখানে, $p = 4000, r = 10\% = 0.1, n = 8, A = ?$
আমরা জানি, $A = P(1 + nr) = 4000\ (1 + 8 \times 0.1)$
$= 4000 \times 1.8 = 7200$

Ans : B.

## সাধারণ জ্ঞান

**56.** ক্রমাগত দাম স্তর বৃদ্ধি পেলে নিচের কোনটি ঘটে?

A. মানুষের ক্রয় ক্ষমতা কমে যায়। B. চোরাকারবারি বৃদ্ধি পায়।
C. অর্থনীতি স্থবির হয়ে যায়। D. কোনটিই নয়।

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- Purchasing Power Parity (PPP) কে বলে - ক্রয়ক্ষমতা সমতা।
- PPP হলো - আন্তঃদেশীয় মুদ্রার প্রকৃত ক্রয়ক্ষমতা পরিমাপের সূচক।
- সুইডেনের অর্থনীতিবিদ গুস্তাফ কাসেল PPP তত্ত্বের প্রচার করেন - ১৯১৮ সালে।
- ক্রমাগত দামস্তর বৃদ্ধি পেলে মানুষের ক্রয়ক্ষমতা - কমে যায়।
- মুদ্রাস্ফীতির ফলে পণ্যের আসল বিনিময় মূল্য - কমে যায়।

Ans : A.

**57.** নিচের কোন দ্রব্যের চাহিদা পূর্ণ অস্থিতিস্থাপক?

A. গাড়ি B. ইনসুলিন
C. টিভি D. ফার্নিচার

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- কোন নির্দিষ্ট মূল্যে যে পরিমাণ পণ্য বা সেবা ক্রয় করা হয় তাকে বলে - চাহিদা।
- কোন দ্রব্যের আপেক্ষিক পরিবর্তনের ফলে চাহিদার যে আপেক্ষিক পরিবর্তন ঘটে, তাদের অনুপাতকে বলে - চাহিদার স্থিতিস্থাপকতা।
- চাহিদার স্থিতিস্থাপকতা - ৩ প্রকার [দাম, আয়, আড়াআড়ি স্থিতিস্থাপকতা]
- পণ্যের দামে পরিবর্তনের তুলনায় চাহিদার পরিবর্তন কম হলে তাকে বলে - অস্থিতিস্থাপক চাহিদা।
- কিছু অস্থিতিস্থাপক দ্রব্য - চাল, লবণ, তৈল, বস্ত্র, ঔষধ, ইনসুলিন ইত্যাদি।

Ans : B.

**58.** হেনরী মেইন ছিলেন একজন-

A. আইনবিদ B. লোকপ্রশাসনবিদ
C. অর্থনীতিবিদ D. নগর পরিকল্পনাবিদ

ব্যাখ্যা : 'হেনরি মেইন' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- জন্ম-মৃত্যু - স্কটল্যান্ড (১৮১২) - ফ্রান্স (১৮৮৮)।
- পরিচিতি - আইনবিদ, ইতিহাসবিদ এবং নৃবিজ্ঞানী।
- তিনি অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের তুলনামূলক আইনশাস্ত্রের - ১ম অধ্যাপক।
- তিনি প্রাচীন আইন সম্পর্কে ব্যাপক জ্ঞানার্জন করেন।

Ans : A.

**59.** "জাতি হলো জাতীয়তাবোধে উজ্জীবিত ঐ জনসমষ্টি যা রাজনৈতিকভাবে সংগঠিত হয়ে, হয় স্বাধীন হয়েছে অথবা স্বাধীনতাকামী হয়ে উঠেছে" উক্তিটি কার?

A. অধ্যাপক হায়েস B. অধ্যাপক স্নাইডার
C. লর্ড ব্রাইস D. স্টুয়ার্ট মিল

ব্যাখ্যা : বিখ্যাত কিছু উক্তি ও বক্তার নাম-
- জাতি হলো জাতীয়তাবোধে উজ্জীবিত ঐ জনসমষ্টি যা রাজনৈতিকভাবে সংগঠিত হয়ে হয় স্বাধীন হয়েছে অথবা স্বাধীনতাকামী হয়ে উঠেছে - লর্ড ব্রাইস।
- জাতি একটি কাল্পনিক সম্প্রদায় - বেনেডিক্ট এন্ডারসন।
- জাতি হচ্ছে কোন একটি সম্প্রদায়ের খণ্ড - পল জেমস।
- ইংল্যান্ড এই বিশ্বের সর্বপ্রথম জাতি - লিয়াহ গ্রিনফিল্ড।
- মানুষের সংস্কৃতি ও ধর্মগত পরিচয় 'স্নায়ুযুদ্ধ'-র কারণ হবে - স্যামুয়েল পি. হান্টিংটন।

Ans : C.

**60.** "মানুষ স্বাধীন হয়ে জন্মগ্রহণ করে, কিন্তু সর্বত্রই সে শৃঙ্খলিত" - উক্তিটি কার?

A. আব্রাহাম লিংকন B. লক
C. হবস্ D. রুশো

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু উক্তি ও বক্তার নাম-
- মানুষ স্বাধীন হয়ে জন্মগ্রহণ করে, কিন্তু সর্বত্রই সে শৃঙ্খলিত - রুশো।
- জনসাধারণই সার্বভৌম ক্ষমতার অধিকারী - রুশো।
- গণতন্ত্রই সর্বোৎকৃষ্ট শাসন-ব্যবস্থা - লর্ড ব্রাইস।
- সাম্রাজ্যবাদ পুঁজিবাদের সর্বশেষ পর্যায় - লেনিন।
- আমাকে স্বাধীনতা দাও, অথবা মৃত্যু দাও - প্যাট্রিক হেনরি।

Ans : D.

**61.** নারীর ক্ষমতায়নে ২০২১ সালে বিশ্বে বাংলাদেশের অবস্থান কত?

A. পঞ্চম B. সপ্তম
C. নবম D. দশম

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- বিশ্বের মোট জনসংখ্যার অর্ধেকই - নারী।
- নারীর ক্ষমতায়নে বিশ্বের রোল মডেল হয়ে উঠেছে - বাংলাদেশ।
- নারীর ক্ষমতায়নে ২০২২ সালে বিশ্বে বাংলাদেশের অবস্থান - ৫ম।
- নারীর উন্নয়নে সার্বিক সূচকে এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে বাংলাদেশের অবস্থান - ২য়।
- নারীর উন্নয়নে নিম্ন-মাধ্যম আয়ের দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান - ২য়।

Ans : A.

**62.** আইনের প্রয়োগ কোন বিভাগের দায়িত্ব?

A. আইন বিভাগ B. বিচার বিভাগ
C. শাসন বিভাগ D. সুপ্রীমকোর্ট

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- আধুনিক রাষ্ট্রে সরকারের বিভাগ - তিনটি [আইন, শাসন, বিচার]
- আইন প্রয়োগকারী বিভাগকে বলে - শাসন বিভাগ।
- শাসন বিভাগের রাজনৈতিক অংশকে ভাগ করা হয় - ৩টি শ্রেণিতে।
- আইন প্রণয়নকারী বিভাগকে বলে - আইন বিভাগ।
- আইন বিভাগের প্রণয়ন করা আইন অনুযায়ী যে বিভাগ বিচার করে তাকে বলে - বিচার বিভাগ।

Ans : C.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**63.** 'Judicial precedent' কী?

A. বিচারপতি সৃষ্ট আইন
B. মন্ত্রী কর্তৃক সৃষ্ট আইন
C. সংসদ কর্তৃক সৃষ্ট আইন
D. রাষ্ট্রপতি কর্তৃক সৃষ্ট আইন

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস চালু হয় - ২০০৭ সালের ১লা নভেম্বর।
- পূর্বে সহকারী জজদের বলা হতো - মুন্সেফ।
- Judicial precedent কে এককথায় বলে - বিচারপতি সৃষ্ট আইন।
- কখনো কখনো আদালতে এমন কিছু অপরাধের বিচার করা হয় যে অপরাধের কোন শাস্তির আইন থাকে না, তখন বিচারক নিজ বুদ্ধিমত্তার দ্বারা বিচার করেন এবং সেটি পরবর্তীতে আইনে পরিণত হয়। এই আইনকে বলা হয় - Judicial Precedent।

Ans : A.

**64.** আমলাতন্ত্রের জনক কে?

A. ম্যাক্সওয়েবার
B. লক
C. উইনার ফিফনার
D. আব্রাহাম লিঙ্কন

ব্যাখ্যা : 'ম্যাক্স ওয়েবার' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- জন্ম-মৃত্যু - ১৮৬৪-১৯২০।
- পরিচিতি - আমলাতন্ত্রের জনক/সমাজবিজ্ঞানী, রাষ্ট্রবিজ্ঞানী, দার্শনিক।
- তার প্রভাব বিরাজমান - সামাজিক তত্ত্ব, সামাজিক গবেষণায়।
- আধুনিক সমাজবিজ্ঞানের স্থপতি ম্যাক্স ওয়েবার, এমিল ডুর্খইম, কার্ল মার্ক্স।
- প্রকাশনা - সিটি, ধর্মের সমাজবিজ্ঞান, (সাধারণ) অর্থনৈতিক ইতিহাস।

Ans : A.

**65.** 'Hierarchy' শব্দের অর্থ কী?

A. স্তর বিন্যাস
B. ক্রমবিকাশ
C. পদসোপান
D. অধিনস্ত কর্মচারি

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু পারিভাষিক শব্দ-

| | |
|---|---|
| Hierarchy - পদসোপান | Sumptuous - জাঁকালো |
| Preamble - প্রস্তাবনা | Synopsis - সারাংশ |
| Proforma - ছক | Tenancy - প্রজাস্বত্ব |
| Quash - বাতিল করা | Unanimous - সর্বসম্মত |
| Ransom - মুক্তিপণ | Vicious - কলুষিত |

Ans : C.

**66.** শাখালিন দ্বীপ কোথায় অবস্থিত?

A. বঙ্গোপসাগর
B. প্রশান্ত মহাসাগর
C. জাপান সাগর
D. ভারত মহাসাগর

ব্যাখ্যা : 'শাখালিন দ্বীপ' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- অবস্থান - রাশিয়ার সুদূর পূর্বে উত্তর প্রশান্ত মহাসাগরে।
- মালিকানা - রাশিয়া [এটি রাশিয়ার বৃহত্তম দ্বীপ]।
- দ্বীপটিকে রাশিয়া থেকে পৃথক করেছে - তাঁতার প্রণালী।
- দ্বীপটিকে লা পেরুজ প্রণালী পৃথক করেছে - জাপানের হোক্কাইদো থেকে।
- দ্বীপটির প্রধান খনিজ সম্পদ - তেল ও কয়লা।

Ans : B.

**67.** 'Wailing Wall' কোথায় অবস্থিত?

A. মিয়ানমার
B. ফিলিস্তিন
C. মিশর
D. রামাল্লা

ব্যাখ্যা : 'উইলিং ওয়াল' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- উইলিং/ওয়েলিং ওয়ালের অবস্থান - ফিলিস্তিনে।
- ইহুদিরা মনে করে এটি - মন্দিরের অংশ।
- মুসলিমরা মনে করে এটি - আল আকসার অংশ।
- এই ওয়ালটি আসলে বড় একটি দেয়ালের - ছোট অংশ।
- এই ওয়ালটিকে বলা হয় - আল মাবকা (কান্নার জায়গা)।
- ওয়েলিং ওয়ালের অপর নাম - কারটেল, পশ্চিম প্রাচীর, সলোমন প্রাচীর।

Ans : B.

**68.** প্যারিস চুক্তি গৃহীত হয় কত সালে?

A. ২০১৫
B. ২০১০
C. ২০০১
D. ২০২০

ব্যাখ্যা : 'প্যারিস চুক্তি' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- প্যারিস চুক্তি গৃহীত হয় - ২০১৫ সালে।
- জাতিসংঘের জলবায়ু পরিবর্তন সম্মেলন, কপ ২১ বা সিএমপি ১১ অনুষ্ঠিত হয় - ফ্রান্সের প্যারিসে (৩০ নভেম্বর থেকে ১২ ডিসেম্বর, ২০১৫)।
- এই চুক্তিটি কার্যকর হয় তখন, যখন - ৫৫টি দেশ একত্র হয় [এরা গ্রিন হাউস গ্যাস নির্গমণে ৫৫% এর প্রতিনিধিত্ব করে]।
- এই চুক্তিতে দেশগুলো সম্মত হয় পৃথিবীর উষ্ণায়ন রাখবে - ২° সেলসিয়াসের নিচে।

Ans : A.

**69.** ধান উৎপাদনে বাংলাদেশের অবস্থান বিশ্বে কততম?

A. দ্বিতীয়
B. চতুর্থ
C. তৃতীয়
D. পঞ্চম

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- ধান উৎপাদনে বিশ্বে বাংলাদেশের অবস্থান - তৃতীয়।
- দেশে ধান উৎপাদন করা হয় মোট আবাদি জমির - ৮০% জমিতে।
- সবচেয়ে বেশি ধান উৎপাদন করে - বাংলাদেশ ধান গবেষণা প্রতিষ্ঠান।
- বাংলাদেশে সবচেয়ে বেশি ধান উৎপন্ন হয় - ময়মনসিংহ জেলায়।
- বাংলাদেশে হাইব্রিড ধান উৎপাদন শুরু হয় - ১৯৯৮ সালে।

Ans : C.

**70.** বাংলাদেশে রাষ্ট্রপতির পদ শূন্য হলে কে রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন?

A. প্রধানমন্ত্রী
B. চিফ হুইপ
C. স্পিকার
D. উপ-রাষ্ট্রপতি

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- বাংলাদেশে ২ মেয়াদের অধিক কেউ রাষ্ট্রপতি হতে পারে না - ৫০(২) ধারা মতে।
- রাষ্ট্রপতিকে শপথ বাক্য পাঠ করান - স্পিকার।
- রাষ্ট্রপতি পদত্যাগ করেন - স্পিকারের নিকট।
- আদালতের কোন এখতিয়ার নাই - রাষ্ট্রপতির উপর।
- পদ শূন্য হলে রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন - স্পিকার।

Ans : C.

**71.** কোন জেলায় হাজংদের বসবাস নেই?

A. শেরপুর
B. নেত্রকোনা
C. ময়মনসিংহ
D. সিলেট

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- হাজংদের বাস - শেরপুর, ময়মনসিংহ, সুনামগঞ্জ, নেত্রকোনা।
- হাজংদের ভাষা ও ধর্ম - হাজং এবং সনাতন।
- খাসিয়াদের বাস - সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার।
- খাসিয়াদের ভাষা ও ধর্ম - খাসি এবং খ্রিস্টান।
- সিলেটে বাসকারী উপজাতি (অন্যান্য) - গারো, কুর্মি, পাত্র, মুন্ডা, মণিপুরী, ভূমিজ।

Ans : D.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**72.** ২০২৮ সালের বিশ্ব অলিম্পিক কোন দেশে অনুষ্ঠিত হবে?

A. ফ্রান্স B. যুক্তরাজ্য
C. চীন D. যুক্তরাষ্ট্র

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- অলিম্পিক গেমসের সূচনা হয় - খ্রিস্টপূর্ব ১৪ শতকে, গ্রিসে।
- IOC-র সদর দপ্তর - লুজান, সুইজারল্যান্ড।
- আধুনিক অলিম্পিকের জন্ম - ১৮৯৬ সালে।
- ৩২তম অলিম্পিক অনুষ্ঠিত হয় - ২০২১; টোকিও; জাপান।
- ২০২৮ সালে বিশ্ব অলিম্পিক অনুষ্ঠিত হবে - যুক্তরাষ্ট্রে।

**Ans : D.**

**73.** নিম্নের কোন প্রাণীটি অন্য প্রাণী থেকে ভিন্ন?

A. মুরগী B. হাঁস
C. সাপ D. কুমির

ব্যাখ্যা : হাঁস, সাপ ও কুমির সাঁতার পারলেও মুরগি সাঁতার পারে না।

**Ans : A.**

**74.** প্রশ্নবোধক চিহ্নের স্থানে নিম্নের কোনটি হবে?

**6, 13, 25, 51, 101, ?**

A. 201 B. 203
C. 202 D. 204

ব্যাখ্যা : 6, 13, 25, 51, 101, 203, 405, 811

১ম ধারা = 6, ২য় ধারা = 13

$6 \times 4 = 24 + 1 = 25$ $13 \times 4 = 52 - 1 = 51$

$25 \times 4 = 100 + 1 = 101$ $51 \times 4 = 204 - 1 = 203$

$101 \times 4 = 404 + 1 = 405$ $203 \times 4 = 812 - 1 = 811$

আবার,

| | | |
|---|---|---|
| 6, $6\times2=12+1=13$ $13\times2=26-1=25$ | $25\times2=50+1=51$ $51\times2=102-1=101$ | $101\times2=202+1=203$ $203\times2=406-1=405$ |

**Ans : B.**

**75.** নিম্নের কোন প্রধানমন্ত্রী 'Iron Lady' হিসেবে পরিচিত ছিলেন?

A. অং সাং সুচী B. মার্গারেট থ্যাচার
C. বেনজির ভূট্টো D. থেরেসা মে

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- বিশ্বের প্রথম নারী প্রেসিডেন্ট - ইসাবেলা পেরন (আর্জেন্টিনা)।
- বিশ্বের প্রথম নারী প্রধানমন্ত্রী - শ্রীমাভো বন্দরনায়েক (শ্রীলঙ্কা)।
- বিশ্বের প্রথম নারী স্পিকার - ওলগ রুডার জিনেক (অস্ট্রিয়া)।
- ব্রিটেনের সাবেক প্রধানমন্ত্রী মার্গারেট থ্যাচারকে বলা হয় - লৌহমানবী।
- ব্রিটেনের বর্তমান এবং ৩য় নারী প্রধানমন্ত্রী - লিজ ট্রাস।

**Ans : B.**

**76.** পৃথিবীর প্রথম সংসদীয় গণতন্ত্রের দেশ কোনটি?

A. ডেনমার্ক B. জার্মানি
C. ব্রিটেন D. ভারত

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- ব্রিটেনের রাজধানী লন্ডন অবস্থিত - টেমস নদীর তীরে।
- ব্রিটেনের সর্বোচ্চ খেতাব - ভিক্টোরিয়া ক্রস।
- লিজ ট্রাস যুক্তরাজ্যের - ৭৮তম প্রধানমন্ত্রী (৩য় নারী)।
- 'রাজা মরেনা' বিখ্যাত উক্তিটি লিপিবদ্ধ - ব্রিটেনের সংবিধানে।
- পৃথিবীর প্রথম সংসদীয় গণতন্ত্রের দেশ - ব্রিটেন।

**Ans : C.**

**77.** বার্লিন প্রাচীন কত সালে ভেঙ্গে দেয়া হয়?

A. ১৯৮৮ B. ১৯৮৯
C. ১৯৯৩ D. ১৯৯৫

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- জার্মানি বিভক্ত হয় - ১৯৪৫ সালে।
- বিশ্বে দীর্ঘতম সময় ধরে পররাষ্ট্রমন্ত্রী ছিলেন - জার্মানির পররাষ্ট্রমন্ত্রী হ্যান্স ডিয়েট্রিক গেসলার (১৮ বছর)।
- আধুনিক জার্মানির জনক - বিসমার্ক।
- বার্লিন প্রাচীর (১৬১ কি. মি.) নির্মাণ শুরু হয় - ১৩ আগস্ট, ১৯৬১।
- বার্লিন প্রাচীর ভেঙ্গে ফেলা হয় - ১৯৮৯ সালে।

**Ans : B.**

**78.** পাপুয়া নিউগিনি কোন অঞ্চলের অন্তর্ভুক্ত?

A. পলিনেশিয়া B. মাইক্রোনেশিয়া
C. মেলোনেশিয়া D. ওরিয়েন্টাল অঞ্চল

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- মেলোনেশিয়া শব্দের অর্থ - কৃষ্ণদ্বীপ।
- পশ্চিম প্রশান্ত মহাসাগরে অস্ট্রেলিয়ার উত্তর পূর্বে অবস্থিত - মেলোনেশিয়া।
- মেলোনেশিয়ার স্বাধীন দেশ - পাপুয়া নিউগিনি, সলোমন দ্বীপপুঞ্জ, ভানুয়াতু, ফিজি [৪টি দেশ]।
- মেলোনেশিয়ার অধীন দ্বীপগুলো - বিসমার্ক (পাপুয়া নিউগিনি) ও নিউ ক্যালডোনিয়া (ফ্রান্স)।

**Ans : C.**

**79.** 'A Brief History of Time' গ্রন্থের লেখক কে?

A. আলবার্ট আইনস্টাইন B. স্টিভ জবস
C. স্টিফেন হকিং D. ম্যারি কুরি

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- স্টিফেন হকিং ছিলেন - বিখ্যাত পদার্থবিদ।
- জন্ম-মৃত্যু - ০৮ জানুয়ারি, ১৯৪২ এবং ১৪ মার্চ, ২০১৮।
- যে রোগে আক্রান্ত ছিলেন - মটর নিউরন ডিজিজ।
- রচিত গ্রন্থ - A Brief History of Time; The Universe in a Nutshell.

**Ans : C.**

**80.** বাংলাদেশের কয়টি স্থান 'Ramsar Sites' হিসেবে অন্তর্ভুক্ত?

A. ২ টি B. ৪ টি
C. ৩ টি D. ৫ টি

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- বিশ্বব্যাপী জৈবপরিবেশ রক্ষার একটি সম্মিলিত প্রয়াস - রামসার কনভেনশন।
- রামসার (ইরান) কনভেনশন স্বাক্ষরিত হয় - ০২ ফেব্রুয়ারি, ১৯৭১।
- রামসার (ইরান) কনভেনশন কার্যকর হয় - ২১ ডিসেম্বর, ১৯৭৫।
- বিশ্বে মোট রামসার সাইট আছে - ২৪০০টি (২.৫ মিলিয়ন বর্গ মিটার)।
- সবচেয়ে বেশি রামসার সাইট আছে - যুক্তরাজ্যে (১৭৫টি)।
- বাংলাদেশে রামসার সাইট আছে - ৩টি [সুন্দরবন, টাঙ্গুয়ার হাওর এবং হাকালুকি হাওর।

**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•চাকরি•ব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেরিয়ার

# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইউনিট : B)
## শিক্ষাবর্ষ : ২০২১-২২ [Set - J]

## English

**Read the passage and answer to the questions (1-5):**

Unsafe levels of pesticides are present in around half of the vegetables and more than a quarter of fruits sold in the capital's markets. A research team came up with the findings after collecting and testing food samples from a few randomly selected capital markets. The survey report read that nearly 40% of 82 samples contained banned pesticides such as DDT, Aldrin, Chlordane and Heptachlor. The amounts of pesticides in these samples were found to be 3 to 20 times greater than the standard limits. Around 50% of vegetables and 25% of fruits were found to be contaminated with an unsafe level of pesticides. Analysing more than 30 samples of turmeric powder, the team also found that nearly 30% of the samples contained traces of Lead Chromate, which can be fatal if swallowed or inhaled.

Using the HPLC method, 66 samples were analyzed for the presence of fomaldehyde, Adulteration was thereby detected in samples of coriander, mango and fresh shrimps. Samples of chicken and fish contained traces of antibiotics. High microbial populations were found in several samples of pasteurized milk, indicating poor processing procedures by the manufacturers. Samples of cucumber and street foods also showed high microbial populations, suggesting widespread contamination in the water supply. Experts suggest that instead of focusing only on the end products, the issue should be addressed at the root level. Better monitoring and supervision in the production process - farmer, transport, wholesale, and retail trader - are mandatory for minimizing food adulteration. Adulterated food products are reportedly the cause behind thousands of people suffering from fatal diseases like cancer, kidney failure and heart problems. The Parliament had enacted a Food Safety Act; but, was yet to prepare the necessary rules.

**01. Which of the following statements is false?**
A. The research team collected the samples from the capital's market.
B. Samples were collected systematically.
C. Samples were collected to examine adulteration.
D. Different vegetables and fruits were examined.

ব্যাখ্যা : Passage এর ৩নং লাইনে বলা হয়েছে "A research team came up with the findings after collecting and testing food samples from a few randomly selected capital markets." যার অর্থ- "একটি গবেষণা দল কয়েকটি এলোমেলোভাবে নির্বাচিত পুঁজিবাজার থেকে খাদ্যের নমুনা সংগ্রহ ও পরীক্ষা করার পর এই ফলাফল নিয়ে এসেছে।"
এখানে দেখা যাচ্ছে, নমুনা সংগ্রহের ক্ষেত্রে গবেষণা দলটি কোনো নির্দিষ্ট পদ্ধতি অনুসরণ করে নি বরং এলোমেলোভাবে (randomly) তারা নমুনা সংগ্রহ করেছে। তাই, বলা যায় নমুনা পদ্ধতিগতভাবে (systematically) সংগ্রহ করা হয় নি।
**Ans : B.**

**02. The research found that-**
A. almost all vegetables and fruits were contaminated.
B. all vegetables and fruits were contaminated by DDT and other pesticides.
C. nearly half of the tested vegetables were contaminated.
D. nearly half of the tested fruits were contaminated.

ব্যাখ্যা : Passage এর ১ম লাইনে বলা হয়েছে, গবেষণায় প্রাপ্ত ফলাফল অনুসারে প্রায় অর্ধেক শাকসবজি ও এক চতুর্থাংশের চেয়েও বেশি ফলমূল দূষিত অবস্থায় ছিলো। তাই অপশন C হবে উত্তর।
**Ans : C.**

**03. Presence of high microbial populations indicates that-**
A. milk is no more drinkable.
B. water supply is unsafe.
C. public health is jeopardized.
D. milk is pasteurized.

ব্যাখ্যা : Microbial population - অণুজীব।
Jeopardized - বিপন্ন।
Passage এ বলা হয়েছে পাস্তুরিত দুধের মধ্যে উচ্চ মাত্রায় অনুজীবের উপস্থিতির কারণে জনস্বাস্থ্য বিপন্ন হচ্ছে।
**Ans : C.**

**04. Regulation of food adulteration requires-**
A. monitoring and supervision.
B. accountability of the stakeholders.
C. regular research and dissemination.
D. all the above.

ব্যাখ্যা: Passage থেকে বুঝা যায়, Regulation of food adulteration এর জন্য সরকারের তদারকি, অংশীজনদের জবাবদিহিতা, ধারাবাহিক গবেষণা এবং প্রাপ্ত তথ্য প্রচারের মাধ্যমে সবার সম্মিলিত প্রচেষ্টা প্রয়োজন। তাই অপশন (D) সঠিক।
**Ans : D.**

**05. Select the inappropriate sequence.**
A. Pesticides - fruits and vegetable
B. Lead chromate - turmeric powder
C. Formaldehyde - coconut
D. Antibiotics - chicken

ব্যাখ্যা: Passage এ কোথাও নারিকেল (coconut) এ ফরম্যালডিহাইড ব্যবহার করার কথা বলা হয় নি।
**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
প্রশ্নব্যাংক-ক্লাস-পরীক্ষা-PDF তথ্য-সোর্স-শেয়ার

**06. The opposite word of 'Repulsive' is -**

A. Alluring B. Effulgent
C. Refulgent D. Meek

ব্যাখ্যা: Repulsive - বিরক্তিকর/জঘন্য। Effulgent - দীপ্তিমান।
Alluring - লোভনীয়/আকর্ষণীয়। Refulgent - দেদীপ্যমান।
Meek - ভদ্র/বিনীত।
**Repulsive এর কিছু গুরুত্বপূর্ণ Synonyms & Antonyms:**
**Synonyms:** Abhorrent, Distasteful, Hateful, Odious, Unpleasant.
**Antonyms:** Alluring, Attractive, Pleasant, Appealing, Enchanting.
**Ans : A.**

**07. This matter has been hanging fire for the last many months and must therefore be decided one way or the other. The underlined phrase means-**

A. Going on slowly B. Stuck up
C. Hotly debated D. Ignored

ব্যাখ্যা: Hang fire একটি idiomatic phrase যার অর্থ- to wait to take action or to await further action or to delay, wait, hold back, or hesitate।
এখানে "বিষয়টি গত কয়েক মাস ধরে ধীরে ধীরে এগুচ্ছে বা বিলম্বিত অবস্থায় আছে" এমনটা বুঝাতে "Hanging fire" এর সমার্থক হিসেবে "Going on slowly" হবে।
**Ans : A.**

**08. Find the correctly spelt word.**

A. Ammunition B. Amunition
C. Ammunetion D. Amunetion

ব্যাখ্যা: Correctly spelt word হবে Ammunition (গোলাবারুদ)।
**গুরুত্বপূর্ণ কিছু spellings:**
Souvenir, Somerset, Maugham, Squirrel, Superintendent, Surrender, Allergy, Accelerate, Abbreviate.
**Ans : A.**

**09. Change the voice: We must take care of all living species on earth.**

A. All living species on earth must be taken care of by us.
B. All living species on earth must taken care of by us.
C. All living species on earth had been taken care of by us.
D. All living species on earth will be taken care of by us.

ব্যাখ্যা: প্রদত্ত বাক্যটিতে Model verb হিসেবে must আছে। (Model verb = will, shall, can, may, might, could, might, must, would) এবং বাক্যটি Active voice এ আছে।
**Active:** Sub + modal verb + main verb + object.
**Passive:** Sub (Active voice এর object) + Model verb + be + $v_3$ + by + Objects (Active voice এর Subject).
**Active:** We must take care of all living species on earth.
**Passive:** All living species on earth must be taken care of by us.
**Ans : A.**

**10. Although he never learn to read, his exceptional memory and enquiring mind eventually made him a very ___ man.**

A. dedicated B. pragmatic
C. erudite D. benevolent

ব্যাখ্যা: Dedicated - নিবেদিতপ্রাণ। Erudite - পণ্ডিত।
Pragmatic - বাস্তবিক। Benevolent - দয়ালু।
সম্পূর্ণ বাক্যটি হবে- "Although he never learn to read, his exceptional memory and enquiring mind eventually made him a very erudite man." যার অর্থ- "যদিও সে কখনো পড়তে শেখে নি, তার অসাধারণ স্মৃতিশক্তি ও অনুসন্ধানী মন অবশেষে তাকে একজন অত্যন্ত পণ্ডিত ব্যক্তিতে পরিণত করেছিলো"। এক্ষেত্রে বাক্যের অর্থানুসারে সঠিক অপশন হবে (C)।
**Ans : C.**

**11. The synonym of the word 'Recuperate' is-**

A. Rehabilitate B. Reimburse
C. Recover D. Relocate

ব্যাখ্যা: Recuperate - পুনরুদ্ধার করা। Rehabilitate - পুনর্বাসন করা।
Reimburse - পরিশোধ করা। Relocate - স্থানান্তর করা।
**Recuperate এর কিছু গুরুত্বপূর্ণ Synonyms & Antonyms:**
**Synonyms:** Recover, Heal, Mend, Convalesce, Gain.
**Antonyms:** Deteriorate, Lose, Decline, Worsen, Fail.
**Ans : C.**

**12. Which one is the correctly spelt word?**

A. Affedevit B. Affidevit
C. Afidevit D. Affidavit

ব্যাখ্যা: Correct spelling টি হচ্ছে Affidavit - হলফনামা।
**গুরুত্বপূর্ণ কিছু spellings:**
Abattoir, Abhorrence, Allottee, Alliance, Opaque, Quizzes, Tussle, Fugitive, Mammoth.
**Ans : D.**

**13. Improve the underlined part of the sentence. Will you kindly open the knot?**

A. untie B. loose
C. break D. No improvement required

ব্যাখ্যা: Knot - গিট।
Untie - বন্ধনমুক্ত করা/খুলে দেওয়া।
সুতরাং বাক্যটি improve করলে দাঁড়ায়- "Will you kindly untie the knot?" যার অর্থ- "আপনি দয়া করে গিট খুলবেন?"
**Ans : A.**

**14. 'A hater of knowledge and learning' is called-**

A. Bibliophile B. Misogynist
C. Philologist D. Misologist

ব্যাখ্যা: **Bibliophile:** A person who collects or has a great love for books.
**Philologist:** Learner of language, or linguist.
**Misogynist:** A person who hates women.
**Misologist:** A hater of knowledge and learning.
**Ans : D.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**15.** **Anger, even when it is __ has one virtue, it overcomes___.**

A. sinful, sloth B. unnecessary, malice
C. inevitable, desire D. intense, hate

ব্যাখ্যা: Sinful - পাপপূর্ণ। Sloth - আলস্য, ঢিলেমি।
Inevitable - অনিবার্য। Malice - বিদ্বেষ, অশুভ কামনা।
**সম্পূর্ণ বাক্যটি হবে-** "Anger, even when it is inevitable has one virtue, it overcomes desire." **যার অর্থ-** "ক্রোধ, এমনকি যখন এটি অনিবার্য হয় এর একটি গুণ থাকে, এটি ইচ্ছাকে জয় করে"।
এ বাক্যে দুটি clause আছে- (i) It is (ii) It overcomes - এরা even when দ্বারা যুক্ত। Although/though/even though/even when প্রভৃতি দ্বারা দুটি বিপরীত অর্থবোধক ধারণা যুক্ত হয়। সুতরাং শূন্যস্থান দুটোর একটিতে Negative idea এবং অপরটিতে Positive idea ব্যবহার করতে হবে। এক্ষেত্রে ব্যবহৃত শব্দদুটি হবে অর্থগত দিক দিয়ে বিপরীতধর্মী। রাগ সর্বদাই 'তীব্র (intense)' বা 'অহেতুক (unnecessary)' নয়। বরং এটি কদাচিৎ পাপপূর্ণ (sinful) এবং অনতিক্রম্য (inevitable)। কিন্তু আলস্য (sloth) কে জয় (overcome) করা যায় না বরং আকাঙ্ক্ষাকে (desire) জয়/অর্জন করতে হয়।
**Ans : C.**

**16.** **Change into indirect speech: He said, "Be quite and listen to my words."**

A. He urged them to be quite and listen to his words.
B. He urged them and said be quite and listen to his words.
C. He urged they should be quite and listen to his words.
D. He said you should be quite and listen to his words.

ব্যাখ্যা: প্রদত্ত বাক্যটি একটি Imperative sentence। Imperative sentence এ Reported speech এর অর্থ ও ভাবানুসারে Indirect narration টির Reporting verb হিসেবে ask, order, request, advise, command, beg, urge, entreat, tell ব্যবহৃত হতে পারে। এখানে আদেশসূচক বাক্য হওয়াতে Reporting verb হিসেবে urged হবে এবং inverted comma এর স্থলে to + verb + বাকী অংশ হবে।
**Ans : A.**

**17.** **Correct the underlined words of the sentence. The intruder stood quietly <u>for few moments</u>.**

A. for few time B. for the few moments
C. for moments D. for a few moments

ব্যাখ্যা: Countable noun এর পূর্বে a few বসে। a few moments হলো সঠিক phrase যার অর্থ- সামান্য কিছুক্ষণ।
Few - নেই বললেই চলে।
A few - অল্প কিছু সংখ্যক।
The few - নির্দিষ্ট খুব অল্প সংখ্যক।
Very few - অত্যন্ত কম অর্থে।
এখানে "অল্প কিছুক্ষণ" অর্থে "for a few moments" হবে।
**Ans : D.**

**18.** **The intellectual can no longer be said to live __ the margin of society.**

A. against B. inside
C. beyond D. before

ব্যাখ্যা: Against - বিপক্ষে। Beyond - উর্ধ্বে।
Inside - মধ্যে। Before - পূর্বে।
The margin of society বলতে এখানে সমাজের সীমারেখা বোঝানো হয়েছে। এখানে, সমাজের সীমারেখার বিপক্ষে (against) বা পূর্বে (before) কোনো সঠিক অর্থ দেয় না। কিন্তু সমাজের সীমারেখার উর্ধ্বে (beyond) বা মধ্যে (inside) বললে তা অর্থ দেয়। তবে no longer থাকায় অর্থ দাঁড়ায় 'উর্ধ্বে নয়'। তবে 'উর্ধ্বে নয়' বা 'মধ্যে নয়' এর মধ্যে 'উর্ধ্বে নয়' কে সবচেয়ে সঠিক হিসেবে চিহ্নিত করা যায়। কারণ, বুদ্ধিজীবীরা ও সমাজের সীমারেখার মধ্যে অবস্থান করেন। কাজেই তারা "সমাজের সীমারেখার মধ্যে নন"-এ কথা ঠিক নয়। তাই সঠিক অপশন হবে (C)।
**Ans : C.**

**19.** **Read both the statements and then mark your answer.**
**Statement I: The police authority has recently caught a group of house breakers.**
**Statement II: The citizens group in the locality have started night vigil in the area.**

A. Statement I is the cause and statement II is its effect.
B. Statement II is the cause and statement I is its effect.
C. Both the statements I and II are independent causes.
D. Both the statements I and II are effects of some common cause.

ব্যাখ্যা: Statement-I এবং Statement-II তে বর্ণিত ঘটনাসমূহ যথাক্রমে "পুলিশের হাতে বেশ কিছুসংখ্যক সিঁধেল চোর ধরা পড়া" এবং "গ্রামবাসীদের এলাকাতে নৈশ পাহারা শুরু করা", কোনো সাধারণ কারণ (cause) যেমন: "এলাকাতে চুরি বেড়ে যাওয়া" এর ফলে সৃষ্ট প্রভাব বা ফলাফল (effect)। তাই, সঠিক অপশন হবে (D)।
**Ans : D.**

**20.** **Select the incorrect part of the sentence.**
**None of two girls/who were present/appeared to be inclined/to listen to sane advice.**

A. None of two girls B. who were present
C. appeared to be inclined D. to listen to sane advice

ব্যাখ্যা: দুইয়ের অধিক এর ক্ষেত্রে "none" এবং "দুইয়ের মধ্যে কেউ না" এমনটি নির্দেশ করতে "neither" ব্যবহৃত হয়। এখানে যেহেতু দুইজন বালিকার মধ্যে কেউ না এমন বুঝাচ্ছে সেহেতু "none" এর পরিবর্তে "neither" হবে।
**Ans : A.**

**21.** **'Maiden speech' means-**

A. First speech B. Late speech
C. Early speech D. Last speech

ব্যাখ্যা: Maiden speech - The first speech (প্রথম বক্তৃতা)
**Ans : A.**

**22.** **Traffic breach:Traffic Inspector; Criminal:Jail Authority; Crimes:____**

A. Sentence B. Accountability
C. Prosecution D. Seizure

ব্যাখ্যা: ট্রাফিকআইন লঙ্ঘন (Traffic breach) নিয়ন্ত্রণ করে Traffic Inspector (ট্রাফিক পরিদর্শক), Criminal (অপরাধী) দের নিয়ন্ত্রণ করে Jail authority (জেল কর্তৃপক্ষ) এবং Crime (অপরাধ) নিয়ন্ত্রণ করে Prosecution (বিচারকার্য পরিচালনা)। তাই, সঠিক অপশন হবে (C)।
**Ans : C.**

আমার সবকিছু পাঠশালায়

**23. Select the appropriate use of 'Proclamation'.**

A. The proclamation made the crowd mad.
B. That proclamation was ratified by the city council.
C. The proclamation of independence is a historical document.
D. All the above

ব্যাখ্যা: Proclamation - ঘোষণা/ঘোষণাপত্র।
এখানে, উপরোক্ত তিনটি অপশন-এই Proclamation শব্দটি সঠিকভাবে ব্যবহৃত হয়েছে।
**Ans : D.**

**24. I felt somewhat more relaxed ___.**

A. but tense as compared to earlier
B. and tense as compared to earlier
C. as there was already no tension at all
D. and tension-free as compared to earlier

ব্যাখ্যা: Tense - দুশ্চিন্তাগ্রস্থ।
Tension-free - দুশ্চিন্তামুক্ত।
সম্পূর্ণ বাক্যটি হবে- "I felt somewhat more relaxed and tension-free as compared to earlier." যার অর্থ- "আমি আগের তুলনায় কিছুটা স্বস্তি এবং দুশ্চিন্তামুক্ত বোধ করেছিলাম"।
**Ans : D.**

**25. Find the sentence with correct punctuations.**

A. Maria, my student, is on leave today.
B. Maria my student, is on leave today.
C. Maria my student is on leave today.
D. Maria my student is, on leave today.

ব্যাখ্যা: Apposition দ্বারা Noun এর পৃথক বা অতিরিক্ত পরিচয়কে বুঝায়। My Student দ্বারা Maria কে বোঝানো হয়েছে, তথা এটি ঐ Subject এর Apposition (Maria'র পৃথক বা অতিরিক্ত পরিচয়)। এখানে Apposition, Subject কে নির্দেশ করতে sub এর পরেই এবং verb এর পূর্বে কমা বসবে।
**Ans : A.**

## বাংলা

**26. "আত্মাকে চিনলেই আত্মনির্ভরতা আসে"- বাক্যটি কার?**

A. কাজী নজরুল ইসলাম
B. শামসুর রাহমান
C. রবীন্দ্র গোপ
D. রবীন্দ্রনাথ ঠাকুর

ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামের 'আমার পথ' রচনার কতিপয় উক্তি-
- "আত্মাকে চিনলেই আত্মনির্ভরতা আসে।"
- "পরাবলম্বনই আমাদের নিষ্ক্রিয় করে ফেললে।"
- "স্পষ্ট কথা বলায় একটা অবিনয় থাকে।"
- "যার ভিতরে ভয়, সে-ই বাইরে ভয় পায়।"
- "মানুষ-ধর্মই সবচেয়ে বড় ধর্ম।"

**Ans : A.**

**27. 'মকরমুখো' শব্দটির অর্থ কী?**

A. কুমিরের মুখাকৃতি
B. মাছের মুখাকৃতি
C. তেলাপোকার মুখাকৃতি
D. জলহস্তির মুখাকৃতি

ব্যাখ্যা : 'অপরিচিতা' গল্পের কতিপয় শব্দার্থ-

| শব্দ | অর্থ |
|---|---|
| মকরমুখো | মকর বা কুমিরের ন্যায় মুখ যার। |
| এয়ারিং | কানের দুল, Earring। |
| প্রদোষ | সন্ধ্যা। |
| একপত্তন | একপ্রস্থ। |
| সওগাত | উপঢৌকন, ভেট। |

**Ans : A.**

**28. 'নেকলেস' গল্পে বাবার মৃত্যুর পর লোইসেল কত ফ্রাঁ পেয়েছিলেন?**

A. বাইশ হাজার
B. ষোল হাজার
C. চৌদ্দ হাজার
D. আঠারো হাজার

ব্যাখ্যা : 'নেকলেস' গল্পের উদ্ধৃতি-
"লোইসেলের কাছে তার বাবার মৃত্যু পরে প্রাপ্ত আঠারো হাজার ফ্রাঁ ছিল। বাকিটা সে ধার করল।"
**Ans : D.**

**29. "নানা কবি ___ গান নানা দিক হাতে"- চরণটির শূন্যস্থানে কোন শব্দটি বসবে?**

A. গাহে
B. শোনে
C. ঢালে
D. কহে

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
**Ans : C.**

**30. 'সিরাজউদ্দৌলা' নাটকে "ঘুষ খেয়ে খেয়ে ঘুষ কথাটার অর্থই বদলে গেছে আপনার কাছে" -উক্তিটি কার?**

A. ড্রেক
B. মার্টিন
C. হ্যারি
D. হলওয়েল

ব্যাখ্যা: 'সিরাজউদ্দৌলা' নাটকের উদ্ধৃতি-
- "হ্যারি: ব্যক্তিগত উপার্জনের ছাড়পত্র কোম্পানি সকলকেই দিয়েছে। সবাই উপার্জন করছে, আমরাও করছি। কিন্তু আমরা ঘুষ খাইনি।
ড্রেক: আমিও ঘুষ খাইনে।
মার্টিন: অর্থাৎ ঘুষ খেয়ে খেয়ে ঘুষ কথাটার অর্থই বদলে গেছে আপনার কাছে।"

**Ans : B.**

**31. "সেই অমোঘ অনন্য অস্ত্র"-চরণটিতে 'অমোঘ' শব্দটির অর্থ কী?**

A. বিদীর্ণ
B. শক্তিশালী
C. অসুর
D. সার্থক

ব্যাখ্যা : 'অমোঘ' শব্দের অর্থ- অব্যর্থ, সার্থক, অবশ্যম্ভাবী।
**Ans : D.**

**32. 'অপরিচিতা' গল্পে অনুপমের পন্ডিতমশায় অনুপমকে কোন ফুলের সাথে তুলনা করেছেন?**

A. শিমুল
B. পলাশ
C. বকুল
D. রক্তজবা

ব্যাখ্যা : 'অপরিচিতা' গল্পের উদ্ধৃতি-
"ছেলেবেলায় আমার সুন্দর চেহারা লইয়া পন্ডিতমশায় আমাকে শিমুল ফুল ও মাকাল ফলের সহিত তুলনা করিয়া, বিদ্রূপ করিবার সুযোগ পাইয়াছিলেন। ইহাতে বড় লজ্জা পাইতাম।"
**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কোয়ান

**33.** 'রেইনকোট' গল্পে মিলিটারি ক্যাম্পের অবস্থান কোথায় ছিল?

A. কলেজ মাঠের পাশে
B. কলেজের ডান পাশে
C. প্রিন্সিপালের বাসভবনের পাশে
D. রসায়ন বিভাগ ভবনের পূর্বে

**ব্যাখ্যা : 'রেইনকোট' গল্পের উদ্ধৃতি-**
"দেওয়ালের পর বাগান টেনিস লন। তারপর কলেজ দালান। মস্ত দালান পার হয়ে ফুটবল ও ক্রিকেট খেলার মাঠ। মাঠ পেরিয়ে একটু বাঁ দিকে প্রিন্সিপ্যালের কোয়ার্টার। এর সঙ্গে মিলিটারি ক্যাম্প। কলেজের জিমন্যাশিয়ামে এখন মিলিটারি ক্যাম্প।"
**Ans : C.**

**34.** "কেউ বোধ হয় এসেছিল।" বাক্যটিতে 'কেউ' শব্দটি হলো-

A. সাধারণ বিশেষ্য
B. বিশেষণ
C. অনির্দিষ্ট সর্বনাম
D. যোজক

**ব্যাখ্যা :** অনির্দিষ্টতাজ্ঞাপক সর্বনামগুলো হলো - কেউ, কেহ, কোন, কিছু, কে, কার ইত্যাদি।
**Ans : C.**

**35.** 'লালসালু' উপন্যাসে 'উচক্কা' শব্দটি দিয়ে নিচের কোন অর্থ বোঝানো হয়েছে?

A. ডানপিঠে
B. বন্ধ্যা নারী
C. অতি বৃদ্ধ
D. অতি উচ্চ শব্দের চিৎকার

**ব্যাখ্যা :** 'লালসালু' উপন্যাসে 'উচক্কা' শব্দ দিয়ে বোঝানো হয়েছে- ডানপিঠে, অবাধ্য, দুরন্ত ইত্যাদি।
**Ans : A.**

36. "নক্ষত্রখচিত আকাশ থেকে ____ ঝরবে না" - চরণটির শূন্যস্থানে কোন শব্দটি বসবে?

A. আগুন
B. বৃষ্টি
C. তারা
D. আলো

**ব্যাখ্যা :** বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
**Ans : A.**

**37.** "সিরাজউদ্দৌলা" নাটকে "ইংরেজদের হয়ে যুদ্ধ করছি কোম্পানির টাকার জন্য"- উক্তিটি কার?

A. মিরমর্দান
B. ওয়ালিখান
C. ক্যাপ্টেন ক্লেটন
D. রায়দুর্লভ

**ব্যাখ্যা : 'সিরাজউদ্দৌলা' নাটকের উদ্ধৃতি-**
"ওয়ালি খান: এখুনি যুদ্ধ বন্ধ করুন। নবাব সৈন্যের কাছে আত্মসমর্পণ না করলে দুর্গের একটি প্রাণীকেও তারা রেহাই দেবে না।
ক্লেটন: চুপ বেইমান। কাপুরুষ বাঙালির কাছে যুদ্ধ বন্ধ হবে না।
ওয়ালি খান: ও সব কথা বলবেন না সাহেব। ইংরেজদের হয়ে যুদ্ধ করছি কোম্পানির টাকার জন্যে। তা বলে বাঙালি কাপুরুষ নয়। যুদ্ধ বন্ধ না করলে নবাব সৈন্য এখুনি তার প্রাণ নেবে।"
**Ans : B.**

**38.** 'Zany' শব্দটির বাংলা অর্থ কী?

A. যুদ্ধাপরাধী
B. মুনশি
C. বিদূষক
D. অবধায়ক

**ব্যাখ্যা :** 'Zany' শব্দের বাংলা অর্থ - ভাঁড়, বুদ্ধ, বিদূষক, অপেক্ষাকৃত নির্বোধ ব্যক্তি।
**Ans : C.**

**39.** একাধিক উপসর্গযোগে গঠিত শব্দ কোনটি?

A. অনুষ্ঠান
B. আদেশ
C. নিরপরাধ
D. বিকার

**ব্যাখ্যা : 'নিরপরাধ' শব্দের বিশ্লিষ্ট রূপ হলো-**
নির্ + অপ্ + √রাধ্ + অ। এখানে 'নির্' এবং 'অপ' হলো সংস্কৃত উপসর্গ। অর্থ - নির্দোষ।
**Ans : C.**

**40.** 'শ্বেত বর্ণ পদ্ম' -এক কথায় কী বলে?

A. করভ
B. পুন্ডরীক
C. সরোজ
D. ইন্দিবর

**ব্যাখ্যা : কতিপয় এক কথায় প্রকাশ-**
- শ্বেতবর্ণ পদ্ম - পুন্ডরীক।
- উষ্ট্র শাবক - করভ।
- সরোবরে জাত - সরোজ।
- নীলবর্ণ পদ্ম - ইন্দিবর বা নীলকমল।
- রক্তবর্ণ পদ্ম - কোকনদ।
- আকাশ ও পৃথিবীর অন্তরাল - ক্রন্দসী।

**Ans : B.**

**41.** 'তন্বী' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?

A. তন + ঈ
B. তম + ঈ
C. তনু + ঈ
D. তনুঃ + ঈ

**ব্যাখ্যা :** স্বরসন্ধির নিয়মে উ/ঊ + ই/ঈ = (ব + ই)/(ব + ঈ) হয়। যেমন: অনু + ইত = অন্বিত, তনু + ঈ = তন্বী।
**Ans : C.**

**42.** নিচের কোনটি তাড়নজাত ধ্বনি?

A. ঘ
B. ক
C. ঙ
D. ড়

**ব্যাখ্যা : ধ্বনি ও বর্ণ সম্পর্কিত কতিপয় তথ্য-**
- তাড়নজাত ধ্বনি - ২ টি। যথা: ড়, ঢ়।
- কম্পনজাত ধ্বনি - ১ টি। যথা: র।
- পার্শ্বিক ধ্বনি - ল।
- পরাশ্রয়ী বর্ণ - ৩ টি। যথা: ং, ঃ, ঁ।
- কণ্ঠ্যধ্বনি - ক, খ, গ, ঘ, ঙ।

**Ans : D.**

**43.** নিচের কোনটি 'অনিঃশেষ' শব্দটির উচ্চারণ?

A. অনিসষেশ
B. ওনিশ্‌শেশ
C. অনিষসেশ
D. অনিশসেষ্

**ব্যাখ্যা : কতিপয় শব্দের শুদ্ধ উচ্চারণ-**

| প্রদত্ত শব্দ | উচ্চারণ | প্রদত্ত শব্দ | উচ্চারণ |
|---|---|---|---|
| অনিঃশেষ | ওনিশ্‌শেশ্ | লালসালু | লাল্‌শালু |
| স্বাগত | শাগোতো | লবণ | লবোন্ |
| বৃষ্টি | ব্রিশ্‌টি | স্মৃতি | সৃঁতি/স্রিতি |

**Ans : B.**

**44.** 'লালসালু' উপন্যাসে গ্রামে কে একটি স্কুল বসাতে চেয়েছিল?

A. খালেক ব্যাপারী
B. মোদাচ্ছের মিঞা
C. আক্কাস
D. তাহের

**ব্যাখ্যা : 'লালসালু' উপন্যাসের কতিপয় তথ্য-**
- গ্রামে একটি স্কুল বসাতে চেয়েছিল - আক্কাস।
- আক্কাসের পিতার নাম - মোদাব্বের মিঞা।
- গ্রামের মাতব্বর - খালেক ব্যাপারী।
- হাসুনির মার তিন ভাই - তাহের, কাদের ও রতন।
- খালেক ব্যাপারীর দুই স্ত্রী - আমেনা বিবি ও তানু বিবি।
- মজিদের দুই স্ত্রী - রহিমা ও জমিলা।

**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**45.** '√ক্ + অক/ণক' এই প্রকৃতি ও প্রত্যয়টির মূল শব্দ নিচের কোনটি?

A. কারণ B. কারক
C. কৌণিক D. কোন

ব্যাখ্যা : 'কারক' শব্দের বিশ্লিষ্টরূপ - √কৃ + অক্(ণক্)।
**Ans : B.**

**46.** নিচের কোন চারটি উপসর্গ খাঁটি বাংলা এবং তৎসম উভয় ক্ষেত্রে দেখা যায়?

A. আ, সু, বি, নি B. অ, আ, বি, সু
C. অ, ব, না, নিম D. আ, সা, সু, হা

ব্যাখ্যা : চারটি উপসর্গ রয়েছে যা খাঁটি বাংলা ও তৎসম উভয় ক্ষেত্রে ব্যবহৃত হয়। সেগুলো হলো - আ, সু, বি, নি।
**Ans : A.**

**47.** 'মেথর' শব্দটি একটি-

A. গুজরাটি শব্দ B. ফরাসি শব্দ
C. পর্তুগীজ শব্দ D. তুর্কি শব্দ

ব্যাখ্যা : কতিপয় বিদেশি শব্দ-

| | |
|---|---|
| ফারসি | মেথর, রসদ, বরফ, দফতর, পোশাক, তারিখ ইত্যাদি। |
| ফরাসি | মাদাম, আঁতাত, রেনেসাঁ, ক্যাফে, রেস্তোরাঁ, কুপন ইত্যাদি। |
| গুজরাটি | খদ্দর, হরতাল ইত্যাদি। |
| পর্তুগিজ | তালা, চাবি, চর্বি, আচার, সাগু, বোতাম, পেঁপে ইত্যাদি। |

**Ans : নাই.**

**48.** 'জোছনা' কোন ধরনের শব্দ?

A. তৎসম B. অর্ধ-তৎসম
C. যৌগিক D. দেশী

ব্যাখ্যা : যেসব তৎসম শব্দ সামান্য পরিবর্তিত হয়ে বাংলা ভাষায় ব্যবহৃত হচ্ছে, তাদেরকে অর্ধতৎসম বা প্রাকৃত শব্দ বলে।
যথা: জ্যোৎস্না > জোছনা, হস্ত > হথ, চন্দ্র > চান্দ, গৃহিণী > গিন্নি।
**Ans : B.**

**49.** 'Pedigree' শব্দটির অর্থ কোনটি?

A. সর্বোচ্চ B. বংশ
C. আয়ু D. অনেকাংশে

ব্যাখ্যা : কতিপয় পারিভাষিক শব্দ-

| | | | |
|---|---|---|---|
| Pedigree | বংশ | Urban | পৌর |
| Uniform | উর্দি | Union | সংঘ |
| Title | উপাধি | Tax | কর |
| Riot | দাঙ্গা | Solar | সৌর |

**Ans : B.**

**50.** 'রাকা' শব্দের অর্থ কোনটি?

A. পূর্ণিমা B. পাখি
C. মাছের আঁশ D. রাত্রি

ব্যাখ্যা : কতিপয় এক কথায় প্রকাশ-
- পূর্ণিমার চাঁদ - রাকা।
- ঈষৎ উষ্ণ - কবোষ্ণ।
- ঈষৎ হাস্য - স্মিত।
- ঈষৎ রক্তবর্ণ - আরক্তিম।
- ঈশ্বর বিষয়ক - ঐশ্বরিক।
- তার মতো - তাদৃশ।

**Ans : A.**

## গণিত

**51.** একটি বই 111 টাকায় বিক্রি করলে x টাকা ক্ষতি হয় এবং 138 টাকায় বিক্রি করলে ক্ষতির দ্বিগুণ লাভ হয়। বইটির ক্রয়মূল্য কত?

A. 111 + x টাকা B. 111x টাকা
C. 111 − x টাকা D. x − 111 টাকা

ব্যাখ্যা: ধরি, ক্রয়মূল্য = P
∴ P = (111 + x) টাকা
**Ans : A.**

**52.** একটি স্বাভাবিক সংখ্যার বর্গের সাথে ঐ সংখ্যাটি যোগ করলে যোগফল ঠিক পরবর্তী স্বাভাবিক সংখ্যার 9 গুণের সমান হবে। সংখ্যাটি কত?

A. 1 B. 4
C. 7 D. 9

ব্যাখ্যা : ধরি, সংখ্যাটি = x
$\therefore x^2 + x = 9(x+1) \Rightarrow x^2 + x = 9x + 9 \Rightarrow x^2 - 8x - 9 = 0$
$\Rightarrow x^2 - 9x + x - 9 = 0 \Rightarrow (x-9)(x+1) = 0$
$\Rightarrow x = 9$ [স্বাভাবিক সংখ্যা]
**Ans : D.**

**53.** x একটি কাজ 10 দিনে করতে পারে। y সেই কাজ 15 দিনে করতে পারে। x ও y একত্রে কাজটি কত দিনে করতে পারবে?

A. 3 দিনে B. 4 দিনে
C. 5 দিনে D. 6 দিনে

ব্যাখ্যা: টেকনিক: x এবং y একত্রে করতে পারে $= \frac{ab}{a+b}$ দিনে
$= \frac{10 \times 15}{10 + 15} = \frac{10 \times 15}{25} = 6$ দিনে।
**Ans : D.**

**54.** $x + y = \sqrt{3}$ এবং $x - y = \sqrt{2}$ হলে, $2(x^2 + y^2)$ এর মান কত?

A. 4 B. 5
C. 6 D. 8

ব্যাখ্যা : $2(x^2 + y^2) = (x+y)^2 + (x-y)^2$
$= (\sqrt{3})^2 + (\sqrt{2})^2 = 3 + 2 = 5$
**Ans : B.**

**55.** বার্ষিক 10% সুদে 8000 টাকার 3 বছরের চক্রবৃদ্ধি মূলধন কত হবে?

A. 10650 B. 10648
C. 10624 D. 10612

ব্যাখ্যা : এখানে, P = 8000, r = 10% = 0.1, n = 3, A = ?
আমরা জানি, $A = P(1+r)^n = 8000(1+0.1)^3$
$= 8000 \times (1.1)^3 = 8000 \times 1.1 \times 1.1 \times 1.1$
$= = 10648$
**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## সাধারণ জ্ঞান

**56.** বাংলাদেশে মহিলা করদাতা এবং ৬৫ বছর বা তদুর্ধ্ব বয়সের পুরুষ করদাতার করমুক্ত আয়সীমা কত?

A. ৩০০০০০ টাকা B. ৪০০০০০ টাকা
C. ৩৫০০০০ টাকা D. ৪৫০০০০ টাকা

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- মহিলা এবং প্রবীণদের করমুক্ত আয়সীমা - ৩,৫০,০০০ টাকা।
- সাধারণ মানুষের করমুক্ত আয়সীমা - (আড়াই লাখ থেকে তিন লাখ পর্যন্ত) (পূর্বে ছিল - ২,২০,০০০)।
- নারীরা তাদের করমুক্ত আয়সীমা করতে চান - ৪ লক্ষ।
- এসএমই খাতের নারীরা জিডিপিতে অবদান রাখে - ২৫ শতাংশ।
- ব্যক্তিশ্রেণির করমুক্ত আয়ের সীমা বাড়ানো হয়েছে - ৫ বছর পর।

**Ans : C.**

**57.** ২০২২-২০২৩ অর্থ বছরে বাংলাদেশের জিডিপি প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা কত?

A. ৭.৫% B. ৮%
C. ৭.৬% D. ৮.৫%

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- ২০২২-২৩ অর্থ বছরের প্রস্তাবিত বাজেটের আকার - ৬,৭৮,০৬৪ কোটি টাকা।
- ২০২২-২৩ অর্থ বছরের বাজেট বক্তৃতার নাম - কোভিডের অভিঘাত পেরিয়ে উন্নয়নের ধারাবাহিকতায় পরিবর্তন।
- প্রস্তাবিত বাজেটে মোট রাজস্ব আয় - ৪,৩৩,০০০ কোটি টাকা।
- প্রস্তাবিত বাজেটে ঘাটতির পরিমাণ - ২,৪৫,০৬৪ কোটি টাকা।
- প্রস্তাবিত বাজেটে জিডিপি প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা - ৭.৫%।

**Ans : A.**

**58.** বাংলাদেশে আইনের প্রধানতম উৎস কোনটি?

A. সংবিধান B. প্রবিধান
C. অধ্যাদেশ D. বিচারিক নজীর

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- রাষ্ট্রের মৌলিক ও সর্বোচ্চ আইন - সংবিধান বা শাসনতন্ত্র।
- 'রাষ্ট্রের পছন্দকৃত জীবন পদ্ধতিই সংবিধান' উক্তিটি করেন - এরিস্টটল।
- হাতে লিখিত সংবিধান লিপিতে স্বাক্ষর করেননি - সুরঞ্জিত সেনগুপ্ত।
- বাংলাদেশের প্রথম হস্তলিখিত সংবিধানের মূল লেখক - আবদুর রউফ।
- অস্থায়ী সংবিধান আদেশ জারি করা হয় - ১১ জানুয়ারি, ১৯৭২।

**Ans : A.**

**59.** বাংলার প্রথম স্বাধীন নবাব কে ছিলেন?

A. শশাঙ্ক B. সিরাজউদ্দৌলা
C. মুর্শিদকুলি খান D. আলিবর্দি খান

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- বাংলার প্রথম স্বাধীন নবাব - মুর্শিদকুলি খান।
- মুর্শিদকুলি খানের উপাধি - জাফর খান।
- মুর্শিদকুলি খান বাংলার সুবেদার হন - ১৭১৭ সালে।
- মুর্শিদকুলি খানের প্রবর্তিত রাজস্ব ব্যবস্থার নাম - মালজামিনী।
- মুর্শিদকুলি খানকে উড়িষ্যার নায়েব সুবাদার পদে নিযুক্ত করেন - সম্রাট আওরঙ্গজেব (১৭০৩ সালে)।

**Ans : C.**

**60.** সম্পত্তি লাভের অধিকার কোন ধরনের অধিকার?

A. অর্থনৈতিক B. সাংস্কৃতিক
C. সামাজিক D. সাংবিধানিক

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- বাংলাদেশ সংবিধানের ৪২নং অনুচ্ছেদের বিষয় - সম্পত্তি লাভের অধিকার।
- বাংলাদেশ সংবিধানের তফসিল, ভাগ ও অনুচ্ছেদ - ৭,১১,১৫৩।
- সংবিধানের চারটি মূলনীতি - জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা।
- অস্থায়ী সংবিধান আদেশ জারি করা হয় - ১১ জানুয়ারি, ১৯৭২।
- গণপরিষদের প্রথম স্পিকার - শাহ্ আবদুল হামিদ।

**Ans : D.**

**61.** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সর্ববৃহৎ ভাস্কর্য কোন শহরে অবস্থিত?

A. ঢাকা B. গাজীপুর
C. চট্টগ্রাম D. গোপালগঞ্জ

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য:
- বঙ্গবন্ধুর সর্ববৃহৎ ভাস্কর্য অবস্থিত - চট্টগ্রামের টাইগারপাস এলাকায়, পরে বড়পুল চত্বরে।
- ভাস্কর্যটি উন্মোচন করেন - আ. জ. ম. নাছির উদ্দীন।
- ভাস্কর্য তৈরির উদ্দেশ্য - নতুন প্রজন্মের কাছে বঙ্গবন্ধুকে পরিচিত ও স্মরণীয় করা।
- বঙ্গবন্ধুর সর্ববৃহৎ ম্যুরাল উদ্বোধন করা হয় - রাজশাহীতে।
- বঙ্গবন্ধুর সর্ববৃহৎ ম্যুরালের উচ্চতা - ৫৮ ফুট।

**Ans : C.**

**62.** 'Writ' শব্দের অর্থ কী?

